Online Edition

09 – 15 December, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.)

❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖

Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ৪৮ | সাপ্তাহিক | ০৯ - ১৫ ডিসেম্বর, ২০২১ | পৃষ্ঠা - ১৬

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

GSCE

পড়লেই সরকারি চাকরি

Offline & Online facilities available

Helpline : 9830277100 / 200 / 300

George Telegraph ● Since 1920

স্টেট ব্যাঙ্কে ১২২৬ সার্কেল বেসড অফিসার

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া আমেদাবাদ, বেঙ্গালুরু, ভোপাল, চেন্নাই এবং জয়পুর সার্কেলের অন্তর্ভুক্ত রাজ্যগুলিতে ১২২৬টি শূন্যপদে সার্কেল বেসড অফিসার নিয়োগ করতে চলেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : CRPD/CBO/2021-22/19। প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন। ৯ ডিসেম্বর থেকে ২৯ ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত। ২০২২ সালের জানুয়ারিতে সম্ভাব্য লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

স্নাতক যোগ্যতায়

▸ **শূন্যপদ : (ক) শূন্যপদ রেগুলার ও (খ) শূন্যপদ ব্যাকলগ–** এই দুটি বিভাগে নিয়োগ করা হবে। **(ক) শূন্যপদ রেগুলার–** ***১) আমেদাবাদ সার্কেলের অন্তর্গত*** গুজরাট রাজ্যে মোট শূন্যপদ ৩০০টি (অসংরক্ষিত ১২২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩০, ওবিসি ৮৭, এসটি ২৪, এসসি ৩৭)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১২টি শূন্যপদ সংরক্ষিত। ***২) বেঙ্গালুরু সার্কেলের অন্তর্গত*** কর্ণাটক রাজ্যে মোট শূন্যপদ ২৫০টি (অসংরক্ষিত ১০০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২৫, ওবিসি ৬৯, এসটি ১৯, এসসি ৩৭)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১০টি শূন্যপদ সংরক্ষিত। ***৩) ভোপাল সার্কেলের অন্তর্গত*** মধ্যপ্রদেশ রাজ্যে মোট শূন্যপদ ২১০টি (অসংরক্ষিত ৬০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৫, ওবিসি ৪০, এসটি ১১, এসসি ২৪)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৬টি শূন্যপদ সংরক্ষিত। এই সার্কেলের অন্তর্গত ছত্তিশগড় রাজ্যে মোট শূন্যপদ ৫০টি (অসংরক্ষিত ২৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫, ওবিসি ৪, এসটি ৪, এসসি ৮)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। ***৪) চেন্নাই সার্কেলের অন্তর্গত*** তামিলনাড়ু রাজ্যে মোট শূন্যপদ ২৫০টি (অসংরক্ষিত ১০০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২৫, ওবিসি ৪৮, এসটি ৪৪, এসসি ৩৩)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য

এরপর ৪ পাতায়

অয়েল ইন্ডিয়া লিমিটেডে ১৪৬

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ অয়েল ইন্ডিয়া লিমিটেড ১৪৬টি শূন্যপদে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় সংস্থার আসামে অবস্থিত ডিব্রুগড়, তিনসুকিয়া, শিবসাগর এবং চারাইডিয়ো জেলার হিল হেডকোয়ার্টার গুলিতে ওয়ার্ক পার্সন হিসেবে নিয়োগ করতে চলেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : HRAQ/REC-WP-B/2021-25 DATED 10/11/2021। ইচ্ছুক প্রার্থীরা আবেদন করবেন

এরপর ২ পাতায়

এয়ার ফোর্সে ৩১৭

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

'এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট' (অ্যাফক্যাট ০১/২০২২) পরীক্ষার মাধ্যমে ভারতীয় বায়ুসেনায় গেজেটেড অফিসার পদে ফ্লাইং এবং গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) শাখায় নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। পুরুষ ও মহিলা উভয়েই আবেদন করতে পারবেন।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৩১৭টি।

▸ **বয়স : *১) ফ্লাইং ব্রাঞ্চ থ্রু অ্যাফক্যাট অ্যান্ড এনসিসি স্পেশাল এন্ট্রি–*** এই শাখায় আবেদনের জন্য প্রার্থীর বয়স হতে হবে ১ জানুয়ারি, ২০২৩ তারিখ অনুযায়ী ২০-২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ০২.০১.১৯৯৯ থেকে ০১.০১.২০০৩ তারিখের মধ্যে। ***২) গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল)–*** এই শাখায় আবেদনের জন্য প্রার্থীর বয়স হতে হবে

এরপর ২ পাতায়

ইউজিসি নেট জুন '২১ বিজ্ঞপ্তি প্রকাশিত

পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৯ জানুয়ারি, ২০২২ থেকে

'কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ' (সিএসআইআর) জুনিয়র রিসার্চ ফেলোশিপ এবং লেকচারশিপ পদে নিয়োগের জন্য 'ইউজিসি-নেট জুন ২০২১' নিয়োগ পরীক্ষার যে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদনগ্রহণ চলবে ৩ ডিসেম্বর, ২০২১ থেকে ২ জানুয়ারি, ২০২২ রাত্রি ১১টা ৫০ মিনিট পর্যন্ত। আবেদন ফি জমা করার শেষ তারিখ ৩ জানুয়ারি, ২০২২ রাত্রি ১১টা

এরপর ২ পাতায়

ইন্ডিয়ান আর্মিতে ৪০

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

ভারতীয় সেনাবাহিনীতে ১৩৫তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সের মাধ্যমে ৪০টি শূন্যপদে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক তথা অবিবাহিত পুরুষ প্রার্থীদের নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। সেনাবাহিনীর পার্মানেন্ট কমিশনের জন্য এই নিয়োগ করা হবে। কোর্স শুরু হচ্ছে ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি দেরাদুনে ২০২২ সালের জুলাই মাস থেকে।

▸ **বয়সসীমা :** ১ জুলাই ২০২২ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ২০-২৭ বছরের মধ্যে। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ হতে হবে ২ জুলাই, ১৯৯৫ থেকে ১ জুলাই, ২০০২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা :** ***১) সিভিল/বিল্ডিং কনস্ট্রাকশন***

এরপর ২ পাতায়

ট্রান্সলেটর, টাইপিস্ট পদে ৯৭

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ দিল্লির ডিফেন্স এস্টেটস অর্গানাইজেশন, জুনিয়র হিন্দি ট্রানস্লেটর, সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-২ এবং হিন্দি টাইপিস্ট পদে ৯৭ জন পুরুষ ও মহিলাকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদন করতে হবে ১৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ : *১) জুনিয়র হিন্দি ট্রানস্লেটর*** শাখায় মোট ৭টি (অসংরক্ষিত ৫ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি

এরপর ৩ পাতায়

WBCS

Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview

Regular Combined

Bank, Rail, Staff Selection, PSC

Smart Combined for an individual Exam

Interview & Personality Grooming

এককালীন কোর্স ফি প্রদানে WBCS কোর্সে ₹ 5000 ও RCCতে ₹ 3000 ছাড়।

ডিসেম্বরের ২০ তারিখ থেকে WBCS ও RCC-র নতুন ব্যাচে ক্লাস শুরু হতে চলেছে। ভর্তির শেষ তারিখ ১৭ ডিসেম্বর। জিএসসিই-তে পুরোদমে অফলাইন ও অনলাইন ক্লাস চলছে। সরকারি চাকরির নিয়োগপত্র পেতে এখুনি যোগাযোগ করুন জিএসসিই-র নিকটবর্তী কেন্দ্রে।

গ্র্যাজুয়েট, কলেজ ও উচ্চমাধ্যমিক পড়ুয়াদের জন্য অফলাইন ও অনলাইনে চাকরির প্রস্তুতির সুযোগ

Helpline : 9830277100 / 200 / 300

Website : www.gsceindia.org

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

GSCE

পড়লেই সরকারি চাকরি

George Telegraph ● Since 1920

৩৫৪ বর্ডার রোড অর্গানাইজেশনে

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ বর্ডার রোডস অর্গানাইজেশন 'জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার্স ফোর্স' ৩৫৪টি শূন্যপদে মাল্টিস্কিলড ওয়ার্কার পেন্টার, মাল্টিস্কিলড ওয়ার্কার মেস ওয়েটার, ভেহিক্যাল মেকানিক এবং ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট (অর্ডিনারী গ্রেড) শাখায় শুধুমাত্র পুরুষ প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০২/২০২১। আবেদনপত্র পাঠাতে হবে অফলাইনে ১৮ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

এরপর ৩ পাতায়

মাধ্যমিক পাশে ৪২ আশাকর্মী

পূর্ব মেদিনীপুর জেলার তমলুক মহকুমার অন্তর্গত ***কোলাঘাট ব্লকে*** পশ্চিমবঙ্গ রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীন স্বাস্থ্য মিশনের প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী তমলুক, হলদিয়া, এগরা ও কাঁথি মহকুমায় ৪২টি শূন্যপদে শুধুমাত্র বিবাহিতা, বিবাহবিচ্ছিন্না, বিধবা মহিলাদের আশাকর্মী হিসেবে নিয়োগ করা হচ্ছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - ২১৫০/কোলাঘাট, 2475/E2B। ২৪ ডিসেম্বর বিকেল ৫টার মধ্যে নিজ হাতে অথবা স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে আবেদনপত্র জমা করতে হবে। আবেদনপত্রের বয়ান

এরপর ২ পাতায়

সম্পাদকীয়

দেশের সেনা সর্বাধিনায়ক বিপিন রাওয়াতের আকস্মিক প্রয়াণে শোকস্তব্ধ দেশবাসী। সকলের হৃদয়ে একটাই প্রশ্ন, এত গুরুত্বপূর্ণ পদে আসীন ও নিরাপত্তাবেষ্টনীতে আবৃত কোনো ব্যক্তিত্বের শেষ পরিণতি এমন হয় কি করে। তবে যাইহোক দেশের শীর্ষ প্রতিরক্ষা-সহ গোয়েন্দা বিভাগ তদন্ত করে সত্যিটা সামনে আনবেই– এমনটাই আমরা আশা করি। এদিকে সদ্য সদ্য 'জাওয়াদ' নামক ঘূর্ণিঝড়ের দাপটে অগ্রহায়ণ মাসেও বাংলা দেখল ঝড়-বৃষ্টিতে নাজেহাল পরিস্থিতি। এযেন সারাবছরই একটাই ঋতু বিরাজমান রয়েছে— বর্ষা। অগ্রহায়ণে শস্যবীজ রোপন ও ধান তোলা হয় বলে কৃষক বন্ধুরাও যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে জানা গিয়েছে। এই বছর শেষান্তেও দেশ তথা আমাদের রাজ্য যেন প্রাকৃতিক দুর্যোগ, সংক্রামক ব্যাধি, জিনিসপত্রের মূল্যবৃদ্ধি ইত্যাদি দর্শন করে চিন্তান্বিতভাবেই নতুন বছরকে স্বাগত জানাতে চলেছে। তবুও কথায় আছে, 'আশায় বাঁচে চাষা'। তাই আশা রাখি, আর ক'দিন পরই যে ইংরেজি নববর্ষ ২০২২ সাল আসতে চলেছে তাতে যেন ঈশ্বরের কৃপায় মানুষ সমস্ত জীবনের বাধা-বিপত্তি কাটিয়ে ঝলমলে সুর্যোদয়কে দেখতে পারে। একথা সত্য যে, বেঁচে থাকতে গেলে কষ্ট করতে হবেই। কিন্তু পরিশ্রম করা বা অধ্যাবসায় যেভাবেই হোক, কষ্টকে জয় করাই মানব সমাজের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত এক দীর্ঘ লড়াই। এই জীবন দর্শনকে মাথায় রাখলে সমাজের প্রতিটি মানুষ জাতিধর্ম-বর্ণ নির্বিশেষে একে অপরের পাশে বিপদে সাহায্যের হাত বাড়িয়ে দেবে। মানুষের ধর্মও তাই– যুগপুরুষরা এমনই বলে গেছেন বারেবারে। শুধু স্বার্থের কথা ভাবলে কোনোদিনই আমরা প্রতিকূল পরিস্থিতিকে জয় করতে পারব না। জর্জ টেলিগ্রাফের জিএসসিই থেকে পড়াশোনা করে প্রচুর ছাত্রছাত্রী আজ রাজ্যে কিংবা অন্য রাজ্যে সরকারি চাকরি পেয়ে সুপ্রতিষ্ঠিত। তাঁদেরকে আমরা প্রতিষ্ঠানের পক্ষ থেকে সর্বদাই বলি, নিজেরা যেমন সুপ্রতিষ্ঠিত হয়েছো, এরকম আরও বহু উদীয়মান ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ জীবন সুরক্ষিত করতে সহায়তা করো তোমরা। আমাদের 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা তথা এই প্রতিষ্ঠানের স্বার্থকথাই সেখানে। এই সংখ্যাতেও রইল বেশ কিছু সরকারি চাকরির খবর। যারমধ্যে বিশেষ উল্লেখযোগ্য, স্নাতক পাশ যোগ্যতায় স্টেট ব্যাঙ্কে ১২২৬ জন অফিসার নিয়োগ হতে চলেছে। সকল পাঠক-পাঠিকাকে জানাই পত্রিকার তরফ থেকে আন্তরিক শুভেচ্ছা ও ভালবাসা।

এয়ার ফোর্সে ৩১৭

১ পাতার পর

১ জানুয়ারি, ২০২৩ তারিখ অনুযায়ী ২০-২৬ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ০২.০১.১৯৯৭ থেকে ০১.০১.২০০৩ তারিখের মধ্যে। পুরুষ ও মহিলা উভয় প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে।

▶ **শিক্ষাগত যোগ্যতা : ১) *ফ্লাইং ব্রাঞ্চ*–** এই শাখায় আবেদনের জন্য প্রার্থীকে উচ্চমাধ্যমিক পাশ করতে হবে ম্যাথস ও ফিজিক্স বিষয় নিয়ে এবং ম্যাথ ও ফিজিক্সে ৫০ শতাংশ করে নম্বর আবশ্যক। অথবা, ৬০ শতাংশ নম্বরসহ ৪ বছরের স্নাতক ডিগ্রি প্রাপ্ত হতে হবে ইঞ্জিনিয়ারিং শাখায়, কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে। অথবা, অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর পরীক্ষায় 'এ' ও 'বি' ধারা অথবা, অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া-র পরীক্ষার 'এ' ও 'বি' ধারা উত্তীর্ণ হয়েছেন কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ এমন প্রার্থী আবেদন করতে পারেন।

২) গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) ব্রাঞ্চ– ক) অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেকট্রনিক্স)– ফিজিক্স ও ম্যাথস বিষয়ের প্রতিটিতে ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে এবং কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইঞ্জিনিয়ারিং/টেকনোলজিতে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি প্রাপ্ত হবে হবে। অথবা, অ্যাসোসিয়েট

এরপর ৩ পাতায়

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

অয়েল ইন্ডিয়া লিমিটেডে ১৪৬

১ পাতার পর

৯ ডিসেম্বর তারিখের মধ্যে।

▶ **শূন্যপদ :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে মোট শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৪, এসসি ১, ওবিসি ৩)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে মোট শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ৫, এসসি ১, এসটি ২, ওবিসি ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে মোট শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৩, এসসি ১, ওবিসি ১)। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে মোট শূন্যপদ ২১টি (অসংরক্ষিত ৯, এসসি ২, এসটি ৩, ওবিসি ৫ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে মোট শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২, এ ওবিসি ১)। ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে মোট শূন্যপদ ৩২টি (অসংরক্ষিত ১২, এসসি ৩, এসটি ৩, ওবিসি ১০ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪)। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে মোট শূন্যপদ ৬৫টি (অসংরক্ষিত ২৬, এসসি ৬, এসটি ৯, ওবিসি ১৭ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৭)।

▶ **বয়সসীমা :** ০৯-১২-২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ করতে হবে। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের জন্য এই শিক্ষাগত যোগ্যতার সঙ্গে আসাম সরকারের অধীনস্থ ইলেকট্রিক্যাল লাইসেন্সিং বোর্ড দ্বারা স্বীকৃত ইলেকট্রিক্যাল সুপারভাইজার সার্টিফিকেট অফ কম্পিটেন্সি পেয়ে থাকতে হবে। এই সার্টিফিকেট প্রাপ্ত না হলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে লিখিত পরীক্ষায় পাশ করলে তারপর নির্ধারিত সময়ের মধ্যে উক্ত সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের ভিত্তিতে যেখানে অবজেক্টিব টাইপের ১০০ নম্বরের পরীক্ষা হবে। এই পরীক্ষায় ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড জেনারেল নলেজ/অ্যাওয়ারনেস অ্যান্ড কোয়েশ্চেন অন অয়েল ইন্ডিয়া লিমিটেড থেকে থাকবে ২০ নম্বরের প্রশ্ন, রিজনিং, অ্যারিথমেটিক/নিউমেরিক্যাল অ্যান্ড মেন্টাল এবিলিটি থেকে থাকবে ২০ নম্বরের প্রশ্ন এবং সংশ্লিষ্ট টেকনিক্যাল নলেজ থেকে থাকবে ৬০ নম্বরের প্রশ্ন। সময় ২ ঘণ্টা। কোনো নেগেটিভ মার্কিং থাকবে না।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৯ ডিসেম্বর তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে https://www.oil-india.com/Current_openNew.aspx ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২০০ টাকা। এসসি/শারীরিক প্রতিবন্ধী/আর্থিকভাবে অনগ্রসর শ্রেরি ও প্রাক্তন সমরকর্মীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

মাধ্যমিক পাশে ৪২ আশাকর্মী

১ পাতার পর

ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে– https://purbamedinipur.gov.in/notice_category/recruitment/ পঞ্চায়েতের নাম অনুযায়ী শূন্যপদগুলি হল– সিদ্ধা-২ তে শূন্যপদ ১টি। সিদ্ধা-১-এ ১, ভোগপুরে ১, গোপালনগরে ১, অমল হাজাতে ২টি শূন্যপদ সংরক্ষিত। ***এগরা ২ নম্বর ব্লকের অধীনস্থ*** দেশবন্ধু পঞ্চায়েতে ১টি, বাথুয়ালিতে ১টি, মঞ্জুশ্রীতে ২টি এবং পানিপুরালে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***ময়না ব্লকের অধীনস্থ*** ময়না-১ পঞ্চায়েতে ১টি, ময়না-২ পঞ্চায়েতে ১টি, তিলখোজা পঞ্চায়েতে ১টি, গোকুলনগরে ২টি, পরমানন্দপুরে ১টি, গোজিনাতে ২টি, বাকচাতে ১টি, নাইচারপুর পঞ্চায়েতে ২টি শূন্যপদ সংরক্ষিত। ***চণ্ডীপুর ব্লকের অধীনস্থ*** চৌখালি পঞ্চায়েতে ৩টি, বৃন্দাবনপুর-২ পঞ্চায়েতে ৪টি, উসমানপুর পঞ্চায়েতে ১টি, কুলবাড়ি পঞ্চায়েতে ১টি এবং দিবাকরপুর পঞ্চায়েতে ২টি শূন্যপদ সংরক্ষিত। প্রার্থীদের বয়স হতে হবে ১ জানুয়ারি ২০২১ তারিখ অনুযায়ী ৩০-৪০ বছর। কেবলমাত্র এসসি/এসটি প্রার্থীদের বয়সের নিম্নসীমা ২২ বছর। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা হতে হবে মাধ্যমিক উত্তীর্ণ বা অনুত্তীর্ণ। উচ্চতার শিক্ষাগত যোগ্যতা থাকলেও প্রার্থী আবেদন করতে পারেন তবে কেবলমাত্র মাধ্যমিকের প্রাপ্ত নম্বরই বিবেচিত হবে। প্রার্থীকে সেই গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনপত্রের সঙ্গে শিক্ষাগত যোগ্যতা, রেশন কার্ড/ভোটার কার্ড, বার্থ সার্টিফিকেট বা

এরপর ১০ পাতায়

ইউজিসি নেট জুন '২১ বিজ্ঞপ্তি প্রকাশিত

১ পাতার পর

৫০ মিনিট পর্যন্ত।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** জুনিয়র রিসার্চ ফেলেশিপ এবং লেকচারশিপ-এর জন্য আবেদন করতে হলে প্রার্থীকে এমএসসি বা তার সমতুল ডিগ্রি/ইন্ডিগ্রেডেট বিএসএমএস/৪ বছরের বিএস/বিই/বিটেক/বি-ফার্মাসি/এমবিবিএস পাশ করতে হবে অন্তত ৫৫% নম্বর সহ। আর্থিকভাবে পিছিয়ে পড়া শ্রেণি, ওবিসি, এসসি, এসটি এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ৫০% নম্বর থাকলেই তারা আবেদনযোগ্য।

▶ **বয়স :** জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য আবেদন করতে সর্বোচ্চ বয়সসীমা ২৮ বছর, লেকচারারশিপ বা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদনে বয়সের কোনো উর্ধ্বসীমা নেই। বয়সসীমা ১ জুলাই, ২০২০ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** যোগ্য প্রার্থীকে www.nta.ac.in বা https://csirnet.nta.nic.in ওয়েবসাইটে গিয়ে ২ জানুয়ারি, ২০২২ রাত্রি ১১টা ৫০ মিনিটের মধ্যে আবেদন করতে হবে। আবেদন ফি ১০০০ টাকা। ওবিসিদের জন্য ৫০০ টাকা। এসসি/এসটি এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদন ফি ২৫০ টাকা। শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি লাগবে না।

▶ **নির্বাচন পদ্ধতি :** কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই হবে। পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩ ঘণ্টা সময়ে। প্রথম শিফটের সময়সীমা সকাল ৯টা থেকে দুপুর ১২টা। দ্বিতীয় শিফটের সময়সীমা বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। পরীক্ষার তারিক ২০২২ সালের ২৯ জানুয়ারি, ৫ ও ৬ ফেব্রুয়ারি। এছাড়া পরীক্ষা পদ্ধতি, সিলেবাস এবং আরও বিশদে জানতে উল্লিখিত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ইন্ডিয়ান আর্মিতে ৪০

১ পাতার পর

টেকোনলজি শাখায় শূন্যপদ ৯টি। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নিম্নোক্ত ইঞ্জিনিয়ারিং শাখার যেকোনো একটিতে স্নাতক পাশ করতে হবে প্রার্থীকে। সিভিল ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং)/স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং/বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন/বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন টেকনোলজি/সিভিল অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং/সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ারিং/সিভিল টেকনোলজি/কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং/কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট/কনস্ট্রাকশন টেকনোলজি/কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট/জিওইনফরমেটিক্স/সিভিল অ্যান্ড এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিং এনভায়রনমেন্টাল অ্যান্ড পলিউশন কন্ট্রোল/এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং/এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি/সিভিল ইঞ্জিনিয়ারিং (পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং)/এনভায়রনমেন্টাল প্ল্যানিং।

২) আর্কিটেকচার শাখায় শূন্যপদ ১টি। আবেদনের জন্য প্রার্থীকে আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচারাল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্টশিপ/আর্কিটেকচার অ্যান্ড ইন্টিরিয়র ডেকোরেশন/আর্কিটেকচার অ্যাসিস্ট্যান্টশিপ শাখায় স্নাত পাশ করতে হবে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে।

৩) মেকানিক্যাল শাখায় শূন্যপদ ৫টি। এই শাখায় আবেদনের জন্য প্রার্থীকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং/অ্যাডভান্সড মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে।

৪) ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স শাখায় শূন্যপদ ৩টি। আবেদনের জন্য প্রার্থীকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রনিক্স অ্যান্ড পাওয়া)/পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স (পাওয়ার সিস্টেম)/ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে।

৫) কম্পিউটার সায়েন্স অ্যান্ড

এরপর ৪ পাতায়

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে প্রকাশিত কোনো বিজ্ঞাপনের তথ্যে কোনোরূপ ভুল থাকলে তার দায় সম্পূর্ণভাবে ঐ বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন **'GSCE Publications'** এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

এয়ার ফোর্সে ৩১৭

২ পাতার পর

মেম্বারশিপ অফ ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর পরীক্ষায় 'এ' ও 'বি' ধারা অথবা, অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া-র পরীক্ষার 'এ' ও 'বি' ধারা উত্তীর্ণ হয়েছেন কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ এমন প্রার্থী আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা নিম্নলিখিত ইঞ্জিনিয়ারিং শাখাগুলিতেও থাকতে হবে– অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেকট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেকট্রনিক্স অ্যান্ড/টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স অ্যান্ড/টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইলেকট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, আইটি, স্পেস ক্র্যাফট টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং ফিজিক্স, ইলেকট্রিক পাওয়ার অ্যান্ড মেশিনারি ইঞ্জিনিয়ারিং এবং সাইবার সিকিউরিটি।

খ) অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)– ফিজিক্স ও ম্যাথস বিষয়ের প্রতিটিতে ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে এবং কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইঞ্জিনিয়ারিং/টেকনোলজিতে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি প্রাপ্ত হবে হবে। অথবা, অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর পরীক্ষায় 'এ' ও 'বি' ধারা। অথবা, অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া-র পরীক্ষার 'এ' ও 'বি' ধারা উত্তীর্ণ হয়েছেন কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ এমন প্রার্থী আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা নিম্নলিখিত ইঞ্জিনিয়ারিং শাখাগুলিতেও থাকতে হবে-- অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, এয়ারক্র্যাফট মেন্টেনেন্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাক্সন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেন্টেনেন্স), মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, প্রোডাক্সন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়েল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল অ্যান্ড মেটিরিয়েলস ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস অ্যান্ড অ্যাপ্লায়েড মেকানিক্স, অটোমোটিভ ইঞ্জিনিয়ারিং, রোবোটিক্স, ন্যানো টেকনোলজি এবং রাবার টেকনোলজি অ্যান্ড রাবার ইঞ্জিনিয়ারিং।

৩) গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চেস)– ক) অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড লজিস্টিক্স শাখায় আবেদন করতে হলে প্রার্থীকে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ৩ বছরের মেয়াদে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। অথবা, অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর পরীক্ষায় 'এ' ও 'বি' ধারা অথবা, অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া-র পরীক্ষার 'এ' ও 'বি' ধারা উত্তীর্ণ হয়েছেন কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ এমন প্রার্থী আবেদন করতে পারেন। ***খ) অ্যাকাউন্টস*** শাখায় আবেদন করতে হলে প্রার্থীকে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ৩ বছরের মেয়াদে নিম্নলিখিত শাখাগুলিতে ন্যূনতম ৬০ শতাংশ — বিকম, বিবিএ (ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ)/ব্যাচেলর অফ ম্যানেজমেন্ট স্টাডিজ (ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ)/ব্যাচেলর অফ বিজনেস স্টাডিজ (ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ), সিএ/সিএমএ/সিএস/সিএফএ পাশ অথবা, বিএসসি পাশ করতে হবে ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ।

▶ **শূন্যপদ :** অ্যাফক্যাট এন্ট্রির মধ্যে ফ্লাইং শাখায় শূন্যপদ ৭৭টি, গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখায় শূন্যপদ ১২৯টি, গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখায় শূন্যপদ ১১১টি এবং এনসিসি স্পেশাল এন্ট্রির মধ্যে ফ্লাইং শাখায় মোট শূন্যপদের ১০ শতাংশ আসন সংরক্ষিত আছে।

▶ **নির্বাচন পদ্ধতি :** ১২ থেকে ১৪ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ প্রার্থীদের অ্যাফক্যাট পরীক্ষা ও ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্টে অংশগ্রহণ করতে হবে। অ্যাফক্যাট পরীক্ষাটিতে ৩০০ নম্বরের পরীক্ষাটি ১০০টি প্রশ্নের হবে। ২ ঘণ্টা সময়ে জেনারেল অ্যাওয়ারনেস, ভার্বাল এবিলিটি ইন ইংলিশ, নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড রিজনিং এবং মিলিটারি অ্যাপ্টিটিউড টেস্ট। ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্টে ১৫০ নম্বরের মধ্যে পরীক্ষা দিতে হবে ৫০টি প্রশ্নে, ৪৫ মিনিট সময়ে। এতে মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স থাকবে। অবজেকটিভ টাইপের এই পরীক্ষাগুলিতে সঠিক উত্তরের জন্য ৩ নম্বর দেওয়া হবে এবং ভুল উত্তরে ১ নম্বর করে কাটা যাবে। উত্তীর্ণ হলে এরপর শারীরিক সক্ষমতা, ইন্টারভিউ ইত্যাদি ধাপে ধাপে প্রার্থীকে অবতীর্ণ হতে হবে।

▶ **আবেদনের সময়সীমা :** ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে http://careerindianairforce.cdac.in অথবা, https://afcat.pdac.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২৫০ টাকা। এনসিসি স্পেশাল এন্ট্রির জন্য কোনো আবেদন ফি লাগবে না। লিখিত পরীক্ষা অনলাইনে হবে। আরও বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিন।

৩৫৪ বর্ডার রোড অর্গানাইজেশনে

১ পাতার পর

▶ **শূন্যপদ :** ***১) মাল্টিস্কিলড ওয়ার্কার পেন্টার*** শাখায় শূন্যপদ ৩৩টি (এসসি ৬, এসটি ২, ওবিসি ২২ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩)। ***২) মাল্টি স্কিলড ওয়ার্কার মেস ওয়েটার*** শাখায় শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ৭, এসসি ৪ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। ***৩) ভেহিক্যাল মেকানিক*** শাখায় শূন্যপদ ২৯৩টি (অসংরক্ষিত ১২১, এসসি ৫১, এসটি ২৮, ওবিসি ৬৪ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২৯)। ***৪) ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট (অর্ডিনারী গ্রেড)*** শাখায় শূন্যপদ ১৬টি (অসংরক্ষিত ৮, এসটি ৭ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)।

▶ **বয়সসীমা :** মাল্টি স্কিলড ওয়াকর্ডার (পেন্টার এবং ওয়েটার) শাখায় বয়সসীমা ১৮-২৫ বছরের মধ্যে এবং ভেহিক্যাল মেকানিক এবং ড্রাইভার শাখায় বয়সসীমা ১৮-২৭ বছরের মধ্যে। উপরিউক্ত সবকটি পদেই বয়সসীমা ১৮ জানুয়ারি ২০২২ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** মাল্টিস্কিলড ওয়ার্কার পেন্টার শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে। মাল্টিস্কিলড ওয়ার্কার মেস ওয়েটার শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে। ভেহিক্যাল মেকানিক শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে। ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট (অর্ডিনারী গ্রেড) শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে এবং ভারী ও হালকা গাড়ি চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এছাড়া শিক্ষাগত যোগ্যতা বিস্তারিত জানতে সংশ্লিষ্ট ওয়েবসাইটে গিয়ে পদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা ভালো করে জেনে নিয়ে তবেই আবেদন করতে হবে।

▶ **আবেদনের সময়সীমা :** ১৮ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীকে আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়–To The Commandant, GREF CENTRE, Dighi Camp, Pune-411015। শুধুমাত্র রেজিস্টার্ড পোস্টেই আবেদনপত্র পাঠাতে হবে। সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি www.bro.gov.in ওয়েবসাইট থেকে পাওয়া যাবে যেটার সঙ্গে আবেদনপত্রের বয়ান দেওয়া আছে। আবেদনপত্রের বয়ানটি ডাউনলোড করে প্রিন্টআউট করে নিয়ে যথাযথভাবে ফিল-আপ করে পাঠিয়ে দিতে হবে। এছাড়া আবেদনপত্রের সঙ্গে সমস্ত শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা, বয়সের প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট (যদি থাকে), আইডি প্রুফ ইত্যাদির স্বপ্রত্যয়িত কপি পাঠিয়ে দিতে হবে। আবেদনপত্র শুধুমাত্র ইংরেজি বা হিন্দি ভাষায় ফিল-আপ কতে হবে। আবেদন ফি ৫০ টাকা। এসসি/এসটি প্রার্থীদের আবেদন ফি লাগবে না। আবেদন ফি জমা করতে হবে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার নিম্নোক্ত লিঙ্কে গিয়ে। www.onlinesbi.com/sbicollect/icollect home.htm? corpID=1232156। আবেদনপত্র অনলাইনে জমা করার পর সেটির প্রিন্টআউট কপি সংশ্লিষ্ট আবেদন পত্রের সঙ্গে পাঠিয়ে দিতে হবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট এবং প্র্যাকটিক্যাল এক্সাম বা ট্রেড টেস্টের মাধ্যমে। ট্রেড টেস্টে পাশ করা প্রার্থীদের এরপর প্রাইমারী মেডিক্যাল এক্সামিনেশনে পাশ করতে হবে। চিঠি পাঠানোর উপরিউক্ত ঠিকানাতেই সংশ্লিষ্ট পরীক্ষাগুলি অনুষ্ঠিত হবে। আরও বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিন।

ট্রান্সস্লেটর, টাইপিস্ট পদে ৯৭

১ পাতার পর

শূন্যপদ সংরক্ষিত। ***২) সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-২*** শাখায় মোট ৮৯টি (অসংরক্ষিত ৩৬, ওবিসি ২৩, এসসি ১০, এসটি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৬)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৯টি ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত।

৩) হিন্দি টাইপিস্ট শাখায় ১টি (আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি)। শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত।

▶ **বয়সসীমা :** ১৫ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৭ বছরের মধ্যে। শুধুমাত্র জুনিয়র হিন্দি ট্রানস্লেটর পদে বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** জুনিয়র হিন্দি ট্রানস্লেটর পদে আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে হিন্দি/ইংরেজিতে মাস্টার ডিগ্রি পাশের সঙ্গে স্নাতক স্তরে অবশ্যই হিন্দি/ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা, যেকোনো ভাষায় মাস্টার ডিগ্রি পাশের সঙ্গে স্নাতকস্তরে অবশ্যই হিন্দি বা ইংরেজি কম্পালসারি বা ইলেকটিভ বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। এরসঙ্গে এই ২টি ভাষায় একটি থেকে অন্যটিতে অনুবাদের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-২ শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সার্ভেয়িং/ড্রাফটসম্যানশিপ (সিভিল) ট্রেডে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ২ বছর মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে। হিন্দি টাইপিস্ট পদে আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে হিন্দিতে টাইপিং স্পিড থাকতে হবে ২৫টি শব্দ প্রতি মিনিটে।

▶ **নির্বাচন পদ্ধতি :** জুনিয়র হিন্দি ট্রানস্লেটর পদে প্রার্থী বাছাই হবে ২০০ নম্বরের পরীক্ষা যার মধ্যে ১২০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্নে লিখিত পরীক্ষা হবে এবং ৮০ নম্বরের টাইপ

এরপর ৪ পাতায়

GSTT GEORGE SCHOOL OF TEACHERS TRAINING

জর্জ স্কুল অফ টিচার্স ট্রেনিং

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

Affiliated to : National Council of Vocational & Research Training (NCVRT)
(An Autonomous Body Recognized by Government of India)

Admission is going on. Take admission within December, '21 for 2021-22 Session

One Year Certificate / Diploma Courses

Course	Eligibility	Duration
Certificate in Pre-School Teacher Training	10th Pass	One Year
Certificate in Pre-Primary Teacher Training	10th Pass	One Year
Certificate in Nursery Teacher Training	10th Pass	One Year
Certificate in Montessori Teacher Training	10th Pass	One Year
Certificate in Drawing Teacher Training	10th Pass	One Year
Certificate in Computer Teacher Training	10th Pass	One Year
Diploma in Montessori & Nursery Teacher Training	12th Pass	One Year
PG Diploma in Montessori & Nursery Teacher Training	Any Degree/ Diploma	One Year
Diploma in Montessori Teacher Training	10th Pass	One Year
Diploma in Primary Teacher Training	10th Pass	One Year

হেড অফিস : শিয়ালদহ ১৩৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২ ✆ 9231036500

Please send your queries to : gsttsdh@gmail.com

ইন্ডিয়ান আর্মিতে ৪০

২ পাতার পর

ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/এমএসসি কম্পিউটার সায়েন্স শাখায় শূন্যপদ ৮টি। আবেদনের জন্য প্রার্থীকে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার টেকনোলজি/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং/থ্রিডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স/অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন/কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন/ কম্পিউটার নেটওয়ার্কিং/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি/কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং/কম্পিউটিং ইন কম্পিউটিং/কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া/কম্পিউটিং ইন সফটওয়্যার/ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স/ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং/কম্পিউটার ইঞ্জিনিয়ারি (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং)/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্ক)/ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি/আর্টিফিসিয়েল ইন্টেলিজেন্স/মেশিন লার্নিং/ডেটা সায়েন্স প্রোগ্রাম/ন্যানো টেকনোলজি/রোবাটিক্স অ্যান্ড অটোমেশন/মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/টেকনোলজি শাখায় স্নাতক পাশ করতে হবে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে। ৬) ***ইনফরমেশন টেকনোলজি*** শাখায় শূন্যপদ ৩টি। আবেদনের জন্য প্রার্থীকে ইনফরমেশন টেকনোলজি/ ইনফরমেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন সায়েন্স অ্যান্ড টেকোনলজি/ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/এমএসসি ইন ইনফরমেশন টেকনোলজি/ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি শাখায় স্নাতক বা স্নাতকোত্তর পাশ করতে হবে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে। ৭) ***ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন*** শাখায় শূন্যপদ ১টি। আবেদনের জন্য প্রার্থীকে ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারি (টেকনোলজি ইন ইলেকট্রিক রেডিও)/এমএসসি ইন ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন শাখায় স্নাতক বা স্নাতকোত্তর পাশ করতে হবে। ৮) ***টেলিকমিউনিকেশন*** শাখায় শূন্যপদ ১টি। আবেদনের জন্য টেলিকমিউনিকেশ ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে। ৯) ***ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন*** শাখায় শূন্যপদ ২টি। আবেদনের জন্য ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ অ্যাপ্লায়েড ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (কমিউনিকেশন সিস্টেম ইঞ্জিনিয়ারিং)/ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড/ মাইক্রোওয়েভ)/অ্যাডভান্সড কমিউনিকেশন অ্যান্ড ইনফরমেশন সিস্টেম/অ্যাডভান্সড কমিউনিকেশ অ্যান্ড ইনফরমেশন সিস্টেম/অ্যান্ড ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/এমএসসি ইন কমিউনেকশন/ মাইক্রো ইলেকট্রনিক্স অ্যান্ড অ্যাডভান্সড কমিউনিকেশন শাখায় স্নাতক বা স্নাতকোত্তর পাশ করতে হবে। ১০) ***অ্যারোনটিক্যাল/এয়ারোস্পেস/অ্যাভিওনিক্স*** শাখায় শূন্যপদ ১টি। আবেদনের জন্য অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং/অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং/এয়ারক্র্যাফটস মেন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং/অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং/ অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে। ১১) ***ইলেকট্রনিক্স*** শাখায় শূন্যপদ ১টি। আবেদনের জন্য ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/পাওয়ার ইলেকট্রনিক্স অ্যান্ড ড্রাইভ/পাওয়ার ইলেকট্রনিক্স/পাওয়ার ইলেকট্রনিক্স অ্যান্ড ইম্প্লিমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং/ডিজিট্যাল টেকনিক্স ফর ডিজাইন অ্যান্ড প্ল্যানিং/ইলেকট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল সিস্টেম/ ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স ডিজাইন টেকনোলজি/ইলেকট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স টেকনোলজি/রেডিও ফিজিক্স অ্যান্ড ইলেকট্রনিক্স/ইলেকট্রনিক্স অ্যান্ড বায়ো-মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং/অপটিক্স অ্যান্ড অপটো ইলেকট্রনিক্স/ ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিমেট্রিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিমেটিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে। বাকি ইঞ্জিনিয়ারিং শাখার শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

▶ **আবেদনের সময়সীমা :** ৪ জানুয়ারি, ২০২১২ তারিখ বিকেল ৩টের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে www.joinindianarmy.nic.in ওয়েবসাইটে গিয়ে। আবেদনপত্রের ২টি প্রিন্টআউট কপি প্রার্থীর নিজের কাছে রেখে দিতে হবে। প্রার্থী বাছাই হবে প্রথমে শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। এরপর তাদেরকে সার্ভিস সিলেকশন বোর্ডের দ্বারা ইন্টারভিউতে অংশগ্রহণ করতে হবে। ইন্টারভিউয়ের তারিখ ও কেন্দ্র প্রার্থীদের ইমেল মারফত জানিয়ে দেওয়া হবে। ৫দিন ব্যাপী ইন্টারভিউ চলবে স্টেজ-১ ও স্টেজ-২ এই দুই ধাপে। এরপর উত্তীর্ণ প্রার্থীদের মেডিক্যাল পরীক্ষায় ডাকা হবে। আরও বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিন।

স্টেট ব্যাঙ্কে ১২২৬ সার্কেল বেসড অফিসার

১ পাতার পর

১০টি শূন্যপদ সংরক্ষিত। ৫) ***জয়পুর সার্কেলের অন্তর্গত*** রাজস্থান রাজ্যে মোট শূন্যপদ ১০০টি (অসংরক্ষিত ৪২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১০, ওবিসি ২৪, এসটি ৫, এসসি ১৯)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত।

(খ) শূন্যপদ ব্যাকলগ-- ১) ***আমেদাবাদ সার্কেলের অন্তর্গত*** গুজরাট রাজ্যে মোট শূন্যপদ ৫৪টি (ওবিসি ৩৮ ও এসটি ১৬)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত। ২) ***বেঙ্গালুরু সার্কেলের অন্তর্গত*** কর্ণাটক রাজ্যে মোট শূন্যপদ ২৮টি (ওবিসি ২১ ও এসটি ৭)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত। ৩) ***ভোপাল সার্কেলের অন্তর্গত*** মধ্যপ্রদেশ রাজ্যে মোট শূন্যপদ ১২টি (ওবিসি ২, এসটি ২, এসসি ৮)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৫টি শূন্যপদ সংরক্ষিত। এই সার্কেলের অন্তর্গত ছত্তিশগড় রাজ্যে মোট শূন্যপদ ২টি (এসটি ১ ও এসসি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। ৪) ***চেন্নাই সার্কেলের অন্তর্গত*** তামিলনাড়ু রাজ্যে মোট শূন্যপদ ২৬টি (এসটি)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৩টি শূন্যপদ সংরক্ষিত। ৫) ***জয়পুর সার্কেলের অন্তর্গত*** রাজস্থান রাজ্যে মোট শূন্যপদ ৪টি (এসসি)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত।

▶ **বয়সসীমা :** ১ ডিসেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ২১-৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। এর সঙ্গে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে অফিসার হিসেবে সিডিউল কমার্শিয়াল ব্যাঙ্কে অথবা কোনো রুরাল রিজিওনাল ব্যাঙ্কে। সমস্ত শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা ১ ডিসেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। অনলাইন লিখিত পরীক্ষায় পাশ করলে প্রার্থীকে একটি ল্যাঙ্গুয়েজ টেস্ট পরীক্ষায় পাশ করতে হবে যেটি প্রার্থী যে সার্কেলের হয়ে আবেদন করছেন সেই সার্কেলের অন্তর্গত রাজ্যের স্থানীয় ভাষার ওপর পরীক্ষা দিতে হবে।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, স্ক্রিনিং টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষাটিতে ২ ঘণ্টা সময়ে ১২টি অবজেক্টিভ টাইপের প্রশ্নে যে যে বিষয়গুলি থেকে উত্তর দিতে হবে সেগুলি হল– ইংলিশ ল্যাঙ্গুয়েজ থেকে ৩০ নম্বরের প্রশ্ন, ব্যাঙ্কিং নলেজ থেকে ৪০ নম্বরের প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস/ইকোনমি থেকে ৩০ নম্বরের প্রশ্ন এবং কম্পিউটার অ্যাপ্টিটিউড থেকে ২০ নম্বরের প্রশ্ন থাকবে। প্রতিটি বিষয়ে আলাদা করে সময় নির্ধারিত থাকবে, যথা– ইংলিশ ল্যাঙ্গুয়েজে ৩০ মিনিট, ব্যাঙ্কিং নলেজে ৪০ মিনিট, জেনারেল অ্যাওয়ারনেস/ ইকোনমি বিষয়ে ৩০ মিনিট এবং কম্পিউটার অ্যাপ্টিটিউড বিষয় থেকে ২০ মিনিট করে সময় নির্ধারিত থাকবে। অবজেক্টিভ টাইপের পরীক্ষাটি হয়ে যাওয়ার পর প্রার্থীকে ডেসক্রিপটিভ টাইপের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এই পরীক্ষাটিতে ৩০ মিনিটে ইংরেজি ভাষায় পত্র ও প্রবন্ধ রচনা লিখতে হবে। ২টি প্রশ্নে মোট নম্বর ৫০। অবজেক্টিভ টাইপের প্রশ্নটিতে কোনো নেগেটিভ মার্কিং থাকবে না। এই দুটি লিখিত পরীক্ষায় পাশ করলে প্রার্থীকে স্ক্রিনিং টেস্টে ডাকা হবে। স্ক্রিনিং টেস্টে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা বিচার করে উত্তীর্ণ বলে গণ্য করা হবে। এই ধাপে পাশ করলে প্রার্থী ৫০ নম্বরের ইন্টারভিউতে বসতে হবে যেখানে প্রার্থীর ল্যাঙ্গুয়েজ টেস্ট হবে।

▶ **আবেদনের সময়সীমা :** ২৯ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে– https://bank.sbi/careers ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ৭৫০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদন ফি লাগবে না। এছাড়া আরও বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিন।

ট্রান্সলেটর, টাইপিস্ট পদে ৯৭

৩ পাতার পর

টেস্ট হবে। অবজেক্টিভ টাইপের পরীক্ষায় থাকবে জেনারেল ইংলিশ, জেনারেল নলেজ, হিন্দি গ্রামার, অনুবাদ সংক্রান্ত প্রশ্ন। টাইপ টেস্টে প্রার্থীকে কোনো একটি প্যাসেজ ইংরেজি থেকে হিন্দি এবং হিন্দি থেকে ইংরেজিতে অনুবাদ করতে হবে। এই দুটি পরীক্ষার মিলিত সময় ২ ঘণ্টা। সাবডিভিশনাল অফিসার গ্রেড-২ পদে প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষাটি হবে ১৫০ নম্বরে ২ ঘণ্টা সময়ে। লিখিত পরীক্ষায় থাকবে টেকনিক্যাল নলেজ থেকে ১০০ নম্বরের, জেনারেল নলেজ ও জেনারেল অ্যাপ্টিটিউড থেকে ২৫ নম্বর এবং জেনারেল ইংলিশ থেকে ২৫ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন। এই পরীক্ষয়ে উত্তীর্ণ হলে প্রার্থীদের স্কিল টেস্টে ডাকা হবে। স্কিল টেস্টে প্রার্থীদের ইলেকট্রনিক এবং ল্যান্ড সার্ভে সংক্রান্ত কাজে দক্ষতা নির্ণয় করা হবে। লিখিত পরীক্ষার পরের দিনই স্কিল টেস্ট অনুষ্ঠিত হবে। হিন্দি টাইপিস্ট পদে প্রার্থী বাছাই হবে ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের লিখিত পরীক্ষায় যেখানে ২ ঘণ্টা সময়ে প্রার্থীদের পরীক্ষা দিতে হবে। হিন্দি ভাষা, জেনারেল নলেজ, জেনারেল অ্যাওয়ারনেস, হিন্দি গ্রামার এবং মেন্টাল এবিলিটি বিষয় থেকে। লিখিত পরীক্ষার পরের দিন প্রার্থীদের স্কিল টেস্টে অংশগ্রহণ করতে হবে ১০ মিনিট সময়ে যেখানে প্রার্থীদের কম্পিউটারে টাইপিং টেস্ট পরীক্ষা দিতে হবে।

▶ **আবেদনের সময়সীমা :** ১৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে অনিরি পোস্টের মাধ্যমে প্রার্থীকে আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়– To, The Principal Director, Defence Estates Southern Command, Near ECHS Poly Clinic, Kondwa Road, Pune (Maharashtra)-411040। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করতে হবে নিম্নোক্ত ওয়েবসাইটগুলি থেকে। https://www.dgde.gov.in অথবা, https://nidem.dgde.gov.in অথবা, https://pune.cantt.gov.in অথবা, https://delhi.cantt.gov.in অথবা, https://barrackpore.cantt.gov.in ওয়েবসাইট থেকে। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে পুণে, দিল্লি এবং এরাজ্যের ব্যারাকপুর ক্যান্টনমেন্টে। আবেদন ফি ২০০ টাকা। আবেদন ফি জমা করতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে-- 'PRINCIPAL DIRECTORATE DEFENCE ESTATE SOUTHERN COMMAND PUNE' এই ফেবারে নিম্নোক্ত ব্যাঙ্কের ঠিকানায়– Union Bank of India, Head Quarter, Southern Command Branch, Pune-01। এসসি/এসটি/মহিলা/প্রাক্তন সমরকর্মী ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণির প্রার্থীদের আবেদন ফি লাগবে না। শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা ও বয়সের প্রমাণপত্র ইত্যাদির স্বপ্রত্যয়িত ফটোকপি আবেদনপত্রের সঙ্গে পাঠিয়ে দিতে হবে। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটগুলিতে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

GSCE Publications থেকে প্রকাশিত হল

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

ACHIEVERS Collectors' Handbook of Infotainment

- বিষয়ভিত্তিক তথ্য সংকলন
- ব্যাখ্যাসহ প্র্যাকটিস সেট
- পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলকাতা পুলিশের বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তর

₹200

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল পরীক্ষার অপরিহার্য সংখ্যা

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

উচ্চমাধ্যমিকের পর কি কি কোর্স করে করে কেরিয়ার

◆ **উচ্চমাধ্যমিকের পর গতানুগতিক স্ট্রিম-এ গ্র্যাজুয়েশন না করে আর কি কি ধরনের কোর্স করা যায় যাতে ভালো চাকরির সুযোগ আছে। আমি কমার্স ব্যাকগ্রাউন্ডের আর আমার ভাই আর্টস নিয়ে পড়েছে। এমন কোর্স বলবেন যাতে দুজনেই ভর্তি হতে পারি।**

পলাশ মণ্ডল, পূর্ব বর্ধমান

☞ সায়েন্স, আর্টস বা কমার্স যেকোনো বিভাগে উচ্চমাধ্যমিক পাশের পর আইন, ম্যানেজমেন্ট, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ফ্যাশন টেকনোলজি বিষয়ে কোর্স করা যায়।

A. আইন : আইন নিয়ে পড়ার জন্য ১০+২ তে ৪৫% নম্বর নিয়ে পাস করতে হবে সায়েন্স, আর্টস বা কমার্স যেকোনো বিভাগে। CLAT (কমন 'ল' এলিজিবিলিটি টেস্ট) পরীক্ষা দিয়ে এন্ট্রান্সে পাশ করলেই 'ল' পড়া যায়। এটা শক্ত কোনো পরীক্ষা নয়। এছাড়াও কিছু কলেজ আছে যারা দ্বাদশ শ্রেণির নম্বর দেখেই সরাসরি ভর্তি নেয়। CLAT-এ র‍্যাঙ্ক অনুযায়ী কাউন্সেলিং হয় সেই অনুযায়ী ভর্তি হয়। প্রচুর সরকারি বেসরকারি কলেজে 'ল' পড়ানো হয়। আইন পড়ে যে ডিগ্রীগুলি পাওয়া যায় সেগুলি হল–

- B.Com অনার্স (LLB) - ৫ বছরের কোর্স ১০+২ পাস যেকোনো স্ট্রিম
- BBA অনার্স (LLB) - ৫ বছরের কোর্স ১০+২ পাস যেকোনো স্ট্রিম
- BLS অনার্স (LLB) - ৫ বছরের কোর্স ১০+২ পাস যেকোনো স্ট্রিম
- BSc অনার্স (LLB) - ৫ বছরের কোর্স ১০+২ পাস সায়েন্স স্ট্রিম
- B.Tech (LLB) - ৬ বছরের কোর্স ১০+২ পাস সায়েন্স স্ট্রিম

এবার দেখে নেওয়া যাক পশ্চিমবঙ্গে কোন কোন কলেজে 'ল' পড়ানো হয়?

পশ্চিমবঙ্গের সরকারি আইন কলেজগুলির সরকারি তালিকা দেওয়া হল–

1. IIT খড়গপুর রাজীব গান্ধী স্কুল অফ ইন্টেলেকচুয়াল প্রপার্টি ল- এই প্রতিষ্ঠানটি (BCI) বার কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা স্বীকৃত। এখানে ৩ বছরের কোর্স LLB করানো হয়।

এই প্রতিষ্ঠানে ভর্তি হবার যোগ্যতা—

১) টেকনোলজি/মেডিসিন/ইঞ্জিনিয়ারিং-এ প্রথম বিভাগে স্নাতক হতে হবে। বা ২) সায়েন্স বা ফার্মেসীতে মাস্টার্স প্রথম বিভাগে উত্তীর্ণ হতে হবে। বা ৩) প্রথম বিভাগে MBA পাশ হতে হবে।

ভর্তি কিভাবে হওয়া যায়?

তার নিজের বিষয়ে ৬.৫ CGPA পেয়ে থাকতে হবে, তবেই আবেদন করতে পারবে।

2. ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটিস অফ জুডিশিয়াল সায়েন্স– BA/BSc (LLB) অনার্স ডিগ্রী করানো হয় ৫ বছরের। ৪৫% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশ করলে CLAT পরীক্ষাতে প্রাপ্ত র‍্যাঙ্ক-এর ভিত্তিতে ভর্তি হয়। এটা খুবই নামি ইনস্টিটিউট। অন্যান্য রাজ্য থেকেও ছাত্রছাত্রী আইন পড়তে আসে এই প্রতিষ্ঠানে।

3. সুরেন্দ্রনাথ ল/আইন কলেজ – ক্যালকাটা ইউনিভার্সিটির অধীনে এই কলেজে ৫ বছরের (BA LLB কোর্স করানো হয়, যা BCI দ্বারা স্বীকৃত।

ক্যালকাটা ইউনিভার্সিটির কমন এন্ট্রান্স টেস্ট দিয়ে ভর্তি হতে হয় এবং উচ্চমাধ্যমিকে জেনারেল কাস্টের ছাত্রছাত্রীদের ৪৫% নম্বর পেতে হবে।

4. কলকাতা পুলিশ ল ইনস্টিটিউট – ৫ বছরের BA LLB কোর্স করানো হয়। ক্যালকাটা ইউনিভার্সিটির কমন এন্ট্রান্স টেস্ট দিয়ে মেরিট লিস্ট অনুযায়ী ভর্তি হতে হয় এবং উচ্চমাধ্যমিকে জেনারেল কাস্টের ছাত্রছাত্রীদের ৪৫% নম্বর ও SC/ST দের ৪০% নম্বর পেতে হবে। এখানে বয়স সীমা নির্দিষ্ট। একদম সদ্য উচ্চমাধ্যমিক পাস করা ছাত্রছাত্রীরাই ভর্তি হতে পারে। এখানে ৬০টি আসন। কিন্তু তার ৮০ শতাংশ পুলিশদের জন্য সংরক্ষিত, বাকিটা সাধারণ।

5. হুগলি মহসিন কলেজ – ৩ বছরের LLB কোর্স করানো হয়। বর্ধমান ইউনিভার্সিটির যে এন্ট্রান্স টেস্ট হয় তাতে পাশ করতে হবে এবং উচ্চমাধ্যমিকে জেনারেল কাস্টের ছাত্রছাত্রীদের ৪৫% নম্বর ও SC/ST দের ৪০% নম্বর পেতে হবে।

6. সাউথ ক্যালকাটা 'ল' কলেজ – ৫ বছরের BALLB ও BALLB অনার্স করানো হয়, ক্যালকাটা ইউনিভার্সিটির দ্বারা। ক্যালকাটা ইউনিভার্সিটির কমন এন্ট্রান্স টেস্ট দিয়ে মেরিট লিস্ট অনুযায়ী ভর্তি হতে হয় এবং উচ্চমাধ্যমিকে জেনারেল কাস্টের ছাত্রছাত্রীদের ৪৫% নম্বর ও SC/ST দের ৪০% নম্বর পেতে হবে।

7. বর্ধমান ইউনিভার্সিটি – ৩ বছরের LLB, ৫ বছরের BA LLB অনার্স দুইই পড়ানো হয়। LLB - বর্ধমান ইউনিভার্সিটির যে এন্ট্রান্স টেস্ট হয় তাতে পাশ করতে হবে। BA LLB ডিরেক্ট অ্যাডমিশন।

8. ক্যালকাটা ইউনিভার্সিটি – ক্যালকাটা ইউনিভার্সিটির অধীনে কমন এন্ট্রান্স টেস্ট দিয়ে মেরিট লিস্ট অনুযায়ী ভর্তি হতে হয় এবং উচ্চমাধ্যমিকে জেনারেল কাস্টের ছাত্রছাত্রীদের ৪৫% নম্বর ও SC/ST দের ৪০% নম্বর পেতে হবে। ৫ বছরের BALLB ও BALLB অনার্স।

9. নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি – এই ইউনিভার্সিটির অধীনে ২টি সরকারি কলেজে পড়ানো হয়। ক) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ লিগাল স্টাডিস, দার্জিলিং। খ) জলপাইগুড়ি 'ল' কলেজ। ৫ বছরের BALLB ও BALLB অনার্স। BALLB অনার্স - বয়সসীমা ২০ বছর (জেনারেল), এসসি/এসটিদের ২২ বছর। উচ্চমাধ্যমিকে জেনারেল কাস্টের ছাত্রছাত্রীদের ৫৫% নম্বর ও SC/ST দের ৫০% নম্বর পেতে হবে। উচ্চমাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি নেওয়া হয়।

10. মেদিনীপুর 'ল' কলেজ – এখানকার কোর্সগুলো বিদ্যাসাগর ইউনিভার্সিটির দ্বারা করানো হয়। BALLB অনার্স - উচ্চমাধ্যমিকে জেনারেল কাস্টের ছাত্রছাত্রীদের ৪৫% নম্বর ও SC/ST দের ৪০% নম্বর পেতে হবে এবং এন্ট্রান্স পাশও করতে হবে। LLB - ৩ বছরের কোর্স করানো হয়। কিন্তু যারা ইতিমধ্যেই গ্র্যাজুয়েট তাদের জন্য উচ্চমধ্যমিকের পর তা করা যাবে না। বিস্তারিত জানতে—
https://www.wbsche.ac.in/pdf/List-of-Law-Colleges-in-West-Bengal.pdf

B. বিজনেস ম্যানেজমেন্ট কোর্স : সরকারি, বেসরকারি বহু কলেজে পড়ানো হয়। বেসরকারিতে পড়া খুবই খরচ সাপেক্ষ, কিন্তু সরকারিতে খরচ অভূতপূর্বভাবে কম এবং বহনযোগ্য। উচ্চমাধ্যমিকের পর ম্যানেজমেন্ট কোর্স BBA পড়া যায় শুধুমাত্র।

BBA - ৩ বছরের কোর্স

১০+২ বা উচ্চমাধ্যমিক (যেকোনো শাখাতে) পাশ হলেই হবে, উচ্চমাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি নেওয়া হয়। কোনো এন্ট্রান্স নেই।

পশ্চিমবঙ্গের BBA কলেজগুলো হল–

১) স্কটিশ চার্চ কলেজ : ক্যালকাটা ইউনিভার্সিটি-র অধীনে এই কলেজে BBA পড়ানো হয়। পড়ার আনুমানিক খরচ - প্রায় দেড় লক্ষ টাকা (৩ বছরের মোট)। আরো বিস্তারিত জানতে স্কটিশ চার্চ কলেজের অফিসিয়াল ওয়েবসাইট দেওয়া হলো তাতে গিয়ে ফি-এর বিষয়ে নিশ্চিত হয়ে যান। ওয়েবসাইট : http://www.scottishchurch.ac.in/fees.php

২) আশুতোষ কলেজ : ক্যালকাটা ইউনিভার্সিটি-র অধীনে এই কলেজে BBA পড়ানো হয়। আরো বিস্তারিত জানতে কলেজের অফিসিয়েল ওয়েবসাইট দেওয়া হলো তাতে গিয়ে ফি-এর বিষয়ে নিশ্চিত হয়ে যান। ওয়েবসাইট : http://www.asutoshcollege.in/

৩) ব্যারাকপুর রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ কলেজ : বিস্তারিত জানতে অফিসিয়েল ওয়েবসাইট দেওয়া হলো তাতে গিয়ে ফি-এর বিষয়ে নিশ্চিত হয়ে যান। ওয়েবসাইট : https://brsnc.in/site/page_content/75.

৪) রায়গঞ্জ ইউনিভার্সিটি : BBA কোর্স করানো হয়। খরচ প্রায় ৬০,০০০ টাকা। ওয়েবসাইট : https://raiganjuniversity.ac.in/management-5/

৫) বিধানচন্দ্র কলেজ, আসানসোল : BBA পড়ানো হয়। কাজী নজরুল ইউনিভার্সিটির অধীনে এই কোর্স করানো হয়। অফিসিয়েল ওয়েবসাইট : http://bccollegeasansol.org/career_chart.php

৬) মাইকেল মধুসূদন মেমোরিয়াল কলেজ, দুর্গাপুর : BBA পড়ানো হয়। খরচ প্রায় ১ লক্ষ টাকা। অফিসিয়েল ওয়েবসাইট : https://madhusudancollege.in/fee-structure/

৭) বানওয়ারীলাল ভালোটিয়া কলেজ, আসানসোল : BBA পড়ানো হয়। কাজী নজরুল ইউনিভার্সিটির অধীনে এই কোর্স করানো হয়। অফিসিয়েল ওয়েবসাইট : http://bbcollege.ac.in

৮) কুলটি কলেজ, কুলটি : BBA পড়ানো হয়। কাজী নজরুল ইউনিভার্সিটির অধীনে এই কোর্স করানো হয়। আসন ৩০টা। অফিসিয়াল ওয়েবসাইট : http://www.kulticollege.ac.in/index.php

মাধ্যমিকের পর আইটিআই-সহ নানা কোর্স করে করে কেরিয়ার

◆ **মাধ্যমিকের পর উচ্চমাধ্যমিক না পড়ে আর কি ধরনের পড়াশোনা করা যায় যাতে চট জলদি চাকরির জন্য নিজেকে তৈরি করতে পারি?**

বিপুল ঘোষ, নসিবপুর

☞ **আইটিআই কোর্স–** মাধ্যমিক পাশের পর আইটিআই পড়া যায়। গভর্নমেন্ট এবং প্রাইভেট যেকোনো ইনস্টিটিউটেই পড়ানো হয় আইটিআই। আসলে পড়ানোর সাথে হাতেকলমে প্রশিক্ষণই এই কোর্সের চাহিদা বাড়িয়েছে। ভালো দক্ষ ইলেকট্রিশিয়ান থেকে কলের মিস্ত্রি, ছুতোর থেকে বাড়ির কম্পিউটার, টিভি সারানোর লোক, পেন্টার থেকে ফায়ারম্যানদের চাহিদা সবসময় থাকে সর্বত্র। তাই সরকারি থেকে বেসরকারি অফিসে যেমন চাকরি পাওয়া সম্ভব তেমনই নিজস্ব উদ্যোগে যেকোনো সার্ভিস দেবার ব্যবসা পর্যন্ত করা যায় আইটিআই পাশ করে।

পশ্চিমবঙ্গে আইটিআই-এর যে কোর্সগুলি পড়ানো হয় তার তালিকা–

- কম্পিউটার অপারেটর এবং প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট
- সিভিল ড্রাফটসম্যান এবং মেকানিক্যাল ড্রাফটসম্যান
- কার্পেন্ট্রি
- কর্পোরেট হাউস কিপিং
- প্লাস্টিক প্রসেসিং অপারেটর
- মোটর সাইকেল মেকানিক
- কম্পিউটার হার্ডওয়্যার অপারেটর
- বেকারি এবং কনফেকশনারি
- ওয়েল্ডার
- প্লাম্বার
- ফাউন্ডারিম্যান
- ফিটার ইত্যাদি

পলিটেকনিক–

- পলিটেকনিক সাধারণত ৩ বছরের কোর্স। এই কোর্সেও হাতেকলমে শিক্ষাকেই প্রাধান্য দেওয়া হয়।
- পাশ করার পর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসেবে তারা কর্মক্ষেত্রে প্রবেশ করে।
- এটা ডিগ্রি কোর্স নয় তাই পাশ করলে এই কোর্সের ভ্যালু ডিপ্লোমা (গ্র্যাজুয়েট নয়)
- যেহেতু উচ্চমাধ্যমিক পাশ না করেই এটা পড়া যায় তাই একাদশ ও দ্বাদশ শ্রেণির সিলেবাসের সাথে এর মিল পাওয়া যায়।

এবার দেখা যাক পলিটেকনিকে কি কি কোর্স করা যায়– আসলে যেসব কোর্সগুলিতে ইঞ্জিনিয়ারিং পড়ানো হয় সেইসব কোর্সেই প্রায় পলিটেকনিক পড়ানো হয়। তালিকা নিচে দেওয়া হল—

- মেকানিক্যাল • সিভিল • ইলেকট্রিক্যাল • কম্পিউটার সায়েন্স • অটোমোবাইল • ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন • ফুড প্রসেসিং • ফুটওয়ার • এগ্রিকালচার • আর্কিটেকচার • প্রিন্টিং ইত্যাদি।

কম্পিউটারভিত্তিক কোর্স - ডিটিপি–

ডিটিপি এর অর্থ হল ডেস্কটপ পাবলিশিং। যেখানে ডিটিপি অপারেটর, কোনো আর্টিস্ট বা শিল্পীর আঁকা ছবিকে ডিজিটাল রূপ দেয় যাতে তা কম্পিউটারে প্রিন্ট করা যায় এবং অনলাইনে আপলোড করা যায়, অর্থাৎ কোনো ছবির হার্ডকপি থেকে সফটকপি বানানোর পদ্ধতি হল ডিটিপি।

ডিটিপি অপারেটরের ডিজাইনিং ও কম্পিউটার অ্যাপ্লিকেশনে জ্ঞান থাকা আবশ্যিক, যেমন– adob css ইত্যাদি। ডিটিপি অপারেটররা সাধারণত কাজ করে অ্যাডভার্টাইসমেন্ট এজেন্সিতে, প্রিন্টিং এবং পাবলিশিং সেক্টরে।

যদিও কোথাও চাকরি হিসেবে না করেও নিজে বাড়িতে বসে ব্যবসাও করতে পারেন, যা উপরি এবং স্বাধীন রোজগার। আমরা রাস্তায় যেতে যেতে যে বিজ্ঞাপনী হোর্ডংগুলো দেখে থাকি, তার বেশিরভাগই ডিটিপিতেই বানানো হয়। তাই এর চাহিদা যথেষ্ট রয়েছে।

ট্যালি (TALLY)– ট্যালি হল একটা অ্যাকাউন্টিং সফটওয়্যার যা যেকোনো ব্যবসার ক্ষেত্রে সমস্ত ধরনের হিসেবনিকেশ করে থাকে এবং কোম্পানির ক্রয় (purchase), বিক্রয় (sale), ম্যানুফ্যাকচারিং, ফিনান্স-এর সমস্ত তথ্য এবং হিসেবে রাখে।

দৈনন্দিন প্রতিটা ট্রানসাকশান ট্যালি সার্ভারেই আপলোড করা হয়ে থাকে। তাই ট্যালি ছোট থেকে বড় যেকোনো কোম্পানিতে কাজে লাগে, কিন্তু এটাও সত্যি ট্যালি শুধু এক্সট্রা স্কিল হিসেবে কাজে লাগতে পারে। কিন্তু লংটার্মে শুধুমাত্র এই কাজে উন্নতির বিশেষ সুবিধা নেই।

গ্রাফিক্স (graphics)– গ্রাফিক্স হল আসলে ডিজাইন বা কিছু দৃশ্যমান ছবি যা বিভিন্ন জিনিসের উপর বানানো হয়, যেমন কখনো তা ক্যানভাসে, কখনো দেয়ালে, কখনো কাগজে, বা কখনো কম্পিউটার স্ক্রিনে। বেশিরভাগ সময়ই এই ছবি কোনো বিশেষ অর্থ বহন করে, আবার নির্ভেজাল আনন্দ দান বা পোস্টার হিসেবেও ব্যবহার করা হয়।

এছাড়া কম প্রচলিত আরো কিছু কোর্সগুলি হল– প্রথাগত শিক্ষা দিয়েই যে শুধু রোজগার করা যায়, এ ধারণা আজ অতীত। বর্তমানে প্রমাণিত যে প্রথাগত শিক্ষা ছাড়াও যথেষ্ট ভালো রোজগার করা যায়। শুধু চাই সঠিক দিশা, প্রশিক্ষণ, ধৈর্য্য এবং নতুন পেশার সঙ্গে যুক্ত হবার ইচ্ছা ও মনোবল।

তথ্যসূত্র : বিশেষজ্ঞদের পরামর্শ ও ইন্টারনেট থেকে সংগৃহীত।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন **sckmatter@gmail.com** এই ইমেল আইডিতে। অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর প্রকাশিত হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হয় না।

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Specialist Officer XI (Mains Exam)	30.01.2022	www.ibps.in
IBPS Specialist Officer XI (Prelims Exam)	26.12.2021	
IBPS PO / MT XI (Mains Exam) 2021	January, 2022	
IBPS Clerk-XI (Mains Exam) 2021	January, 2022	
IBPS Clerk-XI (Preli Exam) 2021	December, 2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Mains) Exam-2021	27.02.2022 to 08.03.2022	www.upsc.gov.in
Indian Forest Service (Preli) Exam-2022	05.06.2022	
Indian Forest Service (Mains) Exam-2022	20.11.2022	
Civil Services (Mains) Exam-2021	07-09,15,16.01.2022	
Civil Services (Preli) Exam-2022	05.06.2022	
Civil Services (Mains) Exam-2022	16.09.2022	
CDS Exam-II 2022	04.09.2022	
Combined Geo-Scientist Preli Exam 2022	20.02.2022	
Combined Geo-Scientist Mian Exam 2022	25,26.06.2022	
Engineering Service Preli Exam 2022	20.02.2022	
NDA & NA Exam-I 2022	10.04.2022	
NDA & NA Exam-II 2022	04.09.2022	
Staff Selection Commission		
CGL 2020 Tier-III Exam	06.02.2022	www.ssc.nic.in
CGL 2020 Tier-III CBT	28-29.01.2022	
CHSL 2020 Tier-II Exam	09.01.2022	
Selection Post (Phase-IX) CBT	02-10.02.2022	
SSC GD Constable, 2021	16.11 to 15.12.2021	
West Bengal & All India Various Exams' Date		
WB SET 2021	09.01.2022	www.wbcsconline.in
Navik (DB) 01/2022 Stage-III Exam	April, 2022	https://joinindian
Navik (GD) & Yantrik 01/2022 Stage-III Exam	February, 2022	coastguard.gov.in
WBSEDCL Office Executive & Junior Operator Technician cum Technical Assistant (Advt. No. 05/2018)	—	www.wbsedcl.in
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	wbpsc.gov.in

West Bengal and All India Various Exams' Result	
State Bank of India Clerk Mains Result	www.sbi.co.in
NIACL Administrative Officer Phase-I Result	www.newindia.co.in
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-X Officer (Scale-I, II, III) Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Preli Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	
WBP Staff Officer cum Instructor Preli Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
West Bengal and All India Various Exams' Result	
PSC Clerkship 2019 Mains Result (Advt. No. 15/2019)	www.wbpsc.gov.in
Miscellaneous 2018 Final Result (Advt. No. 29/2017)	
WBCS 2019 Group-C Main Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
WBCS 2020 Preliminary Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
UPSC (Union Public Service Commission)	
Civil Service 2021 Preli Result	www.upsc.gov.in
CAPF Written Exam Result	
UPSC CDS-II 2020 Result	
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Engineer 2019 Paper-II Result	
JHT, Jr. Translator & SHT 2020 Final Result	
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 Final Result	
CHSL Exam 2019 (Tier-II) Result	
CHSL Exam 2020 (Tier-I) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী যেকোনো কেন্দ্রে সত্বর যোগাযোগ করুন।

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

ট্রেনিং পার্টনার ঃ ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

জীবন গড়ার ১০০ বছর

■*নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (ইউ জি সি অনুমোদিত) দ্বারা স্বীকৃত

প্রধান কোর্স সমূহ — যোগ্যতা ক্লাস X/XII বোর্ড এক্সাম

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- * রাউটিং সুইচিং এক্সপার্ট
- * নেটওয়ার্ক এক্সপার্ট
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- * ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- * সিসিটিভি টেকনিসিয়ান
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- * স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- অ্যাডভান্স মোবাইল রিপেয়ারিং (ই.এম.এম.সি) প্রফেশনাল
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- ডিজিটাল মিডিয়া অ্যাণ্ড মার্কেটিং
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- * অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক)
- * প্রফেশনাল বিসনেস অ্যাকাউন্ট্যান্ট
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
- * কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট #
- * স্টেনোগ্রাফি * মাইক্রোসফট অফিস (এক্সেল সহ)
- * ট্যালি GST * ডট নেট টেকনোলজি

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র Bank of Maharashtra
- ১০০% এডুকেশন লোন
- পরিশোধ করার সময়সীমা : ১৫ বছর
- চাকরী পাওয়ার পর অথবা ডিপ্লোমা / সার্টিফিকেট পাওয়ার ১ বছর পর থেকে EMI শুরু
- EMI সামান্য

*Scan QR code for more details

ডাটা সায়েন্স
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং আর
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং পাইথন
- মেশিন লার্নিং ইউজিং আর
- মেশিন লার্নিং ইউজিং পাইথন

কর্পোরেট কোর্স
- রিলায়েন্স ডিজিটাল কনজিউমার ইলেকট্রনিক্স ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- রিলায়েন্স ডিজিটাল এয়ার কন্ডিশনার ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- রিলায়েন্স ডিজিটাল হোম অ্যাপ্লায়েন্সেস অ্যাণ্ড রেফ্রিজারেটর ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)

ফিল্ম অ্যাণ্ড টেলিভিশন
- অ্যাকটিং
- এডিটিং
- ডাইরেকশন
- সিনেমাটোগ্রাফি

প্যারামেডিক্যাল — এন সি ভি আর টি (ভারত সরকার অনুমোদিত) দ্বারা স্বীকৃত
- ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরী টেকনোলজি
- ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি
- ডিপ্লোমা ইন নার্সিং অ্যাডমিনেসস্ট্রেসন
- ডিপ্লোমা ইন রেডিওলজি এন্ড ইমেজিং টেকনোলজি
- ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনোলজি
- সার্টিফিকেট ইন ফ্লেবোটমি টেকনিশিয়ান

বিউটি — এন সি ভি আর টি (ভারত সরকার অনুমোদিত) দ্বারা স্বীকৃত
- * ডিপ্লোমা ইন কসমেটোলজি
- * ডিপ্লোমা ইন বিউটি থেরাপি অ্যাণ্ড ম্যানেজমেন্ট
- * ডিপ্লোমা ইন হেয়ার স্টাইলিং
- * সার্টিফিকেট ইন সেল্ফ গ্রুমিং অ্যাণ্ড ব্রাইডাল মেকআপ
- * সার্টিফিকেট ইন অ্যাডভান্স কসমেটোলজি অ্যাণ্ড হেয়ার ডিজাইন
- * সার্টিফিকেট ইন নেল ট্রিটমেন্ট
- * সার্টিফিকেট ইন বিউটি থেরাপিস্ট

ইন্টিরিয়র ডিজাইন
- সার্টিফিকেট কোর্স ইন এক্সপার্ট প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন

E-mail : queries@georgetelegraph.org | Website : www.georgetelegraph.org

CENTRES মেন ক্যাম্পাস শিয়ালদহ 8336939682/83/84/85

TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence
BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence
SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence
SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

■ আলিপুরদুয়ার	9836408027	■ দুর্গাপুর	9051111246	কাকদ্বীপ	9830077802	**Paramedical**	
■ আন্দুল	8334975533	ডাকঘর	8017522288	■ খড়গপুর	9073610876	বাগনান	9051110638
■ আসানসোল	9051117895	ডায়মণ্ড হারবার	8017522287	■ লিলুয়া (হাওড়া)	9830136688	বালুরঘাট	9734935600
বেলঘড়িয়া (টেক্সম্যাকো)	9830780280	গুয়াহাটি	9127066277	মালবাজার	9674165584	বারাসাত	8336911041
■ বাগনান	9051110638	গার্ডেনরিচ	9230613574	■ মালদা	9674165585	বসিরহাট	8910505980
■ বোলপুর	9073333262	■ হরিপাল	9874136799	■ মেদিনীপুর	8335062606	বর্ধমান	8335053588
■ বারাসাত (টাকী রোড)	9674165589	হাবরা	9093037766	মেমারি	8777687853	বেহালা	8336911653
■ বারাসাত (যশোর রোড)	8336911041	হলদিয়া	9732727609	পান্ডুয়া	9831840004	দুর্গাপুর	9051111246
■ বেহালা	9836616668	■ জয়নগর	9836666773	■ শিলিগুড়ি	8335078359	ঝাড়গ্রাম	9547240202
■ বহরমপুর	9674165587	জলপাইগুড়ি	9434154082	■ সোনারপুর	9830720005	লিলুয়া	9830136688
বাঁকুড়া	9932870010	■ কল্যাণী	9674165588	সিউড়ি	9475074332	মেদিনীপুর	8944007742
ব্যারাকপুর (ফিউচার হোপ)	9830596844	■ কৃষ্ণনগর	9674162462	তমলুক	9735521383	সোনারপুর	9073727474
বর্ধমান	9007129736	কোন্নগর	8697140843	ঠাকুরপুকুর	8017522286	শিলিগুড়ি	8335078359
■ কন্টাই	9674165582					তারকেশ্বর	9800119669
						Smart Centre	
						■ শ্রীরামপুর	9073610884
						■ বর্ধমান	8335053588
						নাকতলা (গড়িয়া)	9831166575
						সোনারপুর	9874055586

Beauty			
■ ভবানীপুর	9073952154		
■ বর্ধমান	8335053588		
■ বাগনান	9051110638		
সল্টলেক (এফ ডি ব্লক)	9830080238		
নাকতলা (গড়িয়া)	9831166575		
■ বারাসাত (যশোর রোড)	9073952156		
■ দুর্গাপুর	9836428286		
■ কল্যাণী	9674165588		
গার্ডেনরিচ	6290939559		
■ গড়িয়া (বোরাল)	9674165418		
■ শিলিগুড়ি	9674757479		
Interior Design			
পার্ক স্ট্রিট	9073610877		
Film & Television			
নেতাজীনগর	8017009162 / 9830006595		

Helpline ~ 9836428285 • WhatsApp 8336005282

কারেন্ট অ্যাফেয়ার্স

প্রতিরক্ষা

GRSE ভারতীয় নৌবাহিনীর জন্য প্রথম বৃহৎ সার্ভে ভেসেল 'Sandhayak' চালু করেছে

ভারতীয় জাহাজ নির্মাতা 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স' (GRSE) ভারতীয় নৌবাহিনীর জন্য প্রথম বৃহৎ সার্ভে জাহাজ চালু করার সাথে একটি নতুন মাইলফলক অর্জন করেছে। 'Sandhayak' নামে পরিচিত জাহাজটি 'সার্ভে ভেসেল লার্জ' (SVL) প্রকল্পের অধীনে নির্মিত

চারটি জাহাজের সিরিজের মধ্যে প্রথম। এটি GRSE-এ নির্মিত হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকা ভারতের রাজ্য প্রতিরক্ষা মন্ত্রী অজয় ভাট বলেছেন যে, জাহাজের উৎক্ষেপণটি ২০৩০ সালের মধ্যে দেশের 'নতুন ভারত'-এর স্বপ্নের জন্য একটি নতুন মাইলফলক। চারটি সার্ভে জাহাজ নির্মাণের জন্য ২০১৮ সালের অক্টোবরে ভারতের প্রতিরক্ষা মন্ত্রক এবং GRSE এই চুক্তিতে স্বাক্ষর করেছিল।

জাতীয় খবর

কেন্দ্রীয় মন্ত্রী এস জয়শঙ্কর পঞ্চম ভারত মহাসাগর সম্মেলনে বক্তৃতা দিয়েছেন

কেন্দ্রীয় পররাষ্ট্র মন্ত্রী (EAM) সুব্রহ্মণ্যম জয়শঙ্কর ৪-৫ ডিসেম্বর, ২০২১-এ পঞ্চম ভারত মহাসাগর সম্মেলনে যোগ দিতে আবুধাবি, সংযুক্ত আরব আমিরশাহী (UAE) সফর করেছেন। সম্মেলনের থিম ছিল 'Indian Ocean :

Ecology, Economy, Epidemic'। সম্মেলনের সভাপতিত্ব করেন শ্রীলঙ্কার রাষ্ট্রপতি গোটাবায়া রাজাপাকসে এবং ভাইস চেয়ারপার্সন হলেন এস জয়শমকর, ভিভিয়ান বালাকৃষ্ণান, সৈয়দ বদর বিন হামাদ বিন হামুদ আল বুসাইদি।

সম্মেলনের আয়োজন করছে ইন্ডিয়া ফাউন্ডেশন RSIS সিঙ্গাপুর, ইনস্টিটিউট অফ ন্যাশনাল সিকিউরিটি স্টাডিজ (INSS), শ্রীলঙ্কা এবং এমিরেটস সেন্টার ফর স্ট্র্যাটেজিক স্টাডিজ অ্যান্ড রিসার্চ (ECSSR), সংযুক্ত আরব আমিরশাহীর সহযোগিতায়।

- এই বছর সম্মেলনটি মহামারী, অর্থনৈতিক পতন এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে ভারত মহাসাগরের মুখোমুখি চ্যালেঞ্জগুলির সাথে মোকাবিলা করছে।
- ইভেন্টে বক্তৃতা দিতে গিয়ে ডক্টর এস জয়শঙ্কর এই অঞ্চলে চীনের ক্রমবর্ধমান শক্তির বৃদ্ধির প্রসঙ্গটি তুলে ধরেন।
- ভারতের পররাষ্ট্রমন্ত্রী সংযুক্ত আরব আমিরশাহী এবং ওমানের পররাষ্ট্রমন্ত্রীর সাথেও দেখা করেন এবং আন্তর্জাতিক সম্মেলন শুরুর আগে তাদের সাথে দ্বিপাক্ষিক সহযোগিতা নিয়ে আলোচনা করেন।

স্কুল শিক্ষার মান উন্নয়নে ADB $500-মিলিয়ন ঋণ অনুমোদন করেছে

'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' (ADB) দেশের স্কুল শিক্ষার মান উন্নত করতে এবং শিক্ষার্থীদের শিক্ষার উপর কোভিড-১৯ মহামারীর প্রভাব কমাতে সাহায্য করার জন্য ভারত সরকারকে $500 মিলিয়ন ঋণ অনুমোদন করেছে। এই ঋণ স্কুল শিক্ষার জন্য সমন্বিত স্কিম (সমগ্র শিক্ষা) এবং শিক্ষা মন্ত্রকের (MOE) নতুন উদাহরণ স্কুল উদ্যোগকে সমর্থন করে যাতে অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত শিক্ষার ফলাফলের উপর মনোযোগ কেন্দ্রীভূত করে শিক্ষার মান উন্নত করা যায়।

আসাম, গুজরাট, ঝাড়খণ্ড, তামিলনাড়ু এবং উত্তরাখণ্ডে প্রায় ১,৮০০টি সরকারি স্কুলকে আদর্শ স্কুলে রূপান্তরিত করা হবে। নমুনা স্কুলগুলি মানসম্পন্ন শিক্ষার পরিবেশ এবং কার্যকর শেখার প্রদর্শন করবে যা সারা দেশের অন্যান্য সরকারি স্কুলে অনুকরণের জন্য একটি মডেল হয়ে উঠবে।

ভারত এবং ইউরোপীয় ইউনিয়ন তাদের ক্লিন এনার্জি এবং ক্লাইমেট পার্টনারশিপ গঠন করেছে

ভারত এবং 'ইউরোপীয় ইউনিয়ন' (EU) তাদের 'ক্লিন এনার্জি' এবং 'ক্লাইমেট পার্টনারশিপ গঠন' করতে সম্মত হয়েছে। ২০১৬ সালের ভারত-ইউরোপীয় ইউনিয়ন ক্লিন এনার্জি এবং ক্লাইমেট পার্টনারশিপ বাস্তবায়নের জন্য তারা যৌথভাবে ২০২৩ সাল পর্যন্ত একটি বিস্তারিত কাজের কর্মসূচিতে সম্মত হয়েছে। প্যানেল শক্তি দক্ষতা, পুনর্নবীকরণযোগ্য শক্তি, গ্রিন হাইড্রোজেন, গ্রিড একীকরণ, স্টোরেজ, পাওয়ার মার্কেট ডিজাইন, আন্তঃসংযোগ, কোল্ড চেইন এবং স্থায়ী অর্থায়নে প্রযুক্তিগত সহযোগিতা বৃদ্ধিতে সম্মত হয়েছে।

প্যানেল আন্তর্জাতিক সৌর জোটের প্রেক্ষাপটে ভারত-ইউরোপীয় ইউনিয়ন সহযোগিতা জোরদার করার জন্য আরও উপায় অন্বেষণ করতে সম্মত হয়েছে। ভারত এবং আন্তর্জাতিক শক্তি সংস্থার মধ্যে ইউরোপীয় ইউনিয়ন ঘনিষ্ঠ সহযোগিতার প্রতি সমর্থন প্রকাশ করেছে। G20 এর ফ্রেমে ভারত ও ইউরোপীয় ইউনিয়ন ক্লিন এনার্জি নিয়ে ঘনিষ্ঠভাবে বিনিময় করতে সম্মত হয়েছে।

আন্তর্জাতিক খবর

কেমব্রিজ ডিকশনারি 'perseverance' কে ওয়ার্ড অফ দ্য ইয়ার ২০২১ ঘোষণা

'Perseverance' একটি শব্দ যা গত ১২ মাসের অনেক চ্যালেঞ্জ সত্ত্বেও বিশ্বজুড়ে মানুষের অদম্য ইচ্ছাকে প্রকাশ করে, তাকে কেমব্রিজ ডিকশনারির ওয়ার্ড অফ দ্য ইয়ার ২০২১ হিসেবে ঘোষণা করা হয়েছে। ২০২১ সালে Perseverance শব্দটি ওয়েবসাইটে ২,৪৩,০০০ বারের বেশি খোঁজা হয়েছে এবং প্রথমবার এটি একটি লক্ষনীয় মাত্রায় প্রকাশ পেয়েছে। NASA-এর Perseverance Rover মঙ্গল গ্রহে ১৮ ফেব্রুয়ারি চূড়ান্ত অবতরণ করেছিল।

ওয়ার্ল্ড কো-অপারেটিভ মনিটর রিপোর্ট 2021 : IFFCO প্রথম স্থানে রয়েছে

'ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কো-অপারেটিভ লিমিটেড' (IFFCO) বিশ্বের শীর্ষ ৩০টি সমবায়ের মধ্যে 'নম্বর ওয়ান সমবায়' হিসেবে স্থান পেয়েছে। মাথাপিছু মোট দেশজ উৎপাদনের (GDP) উপর টার্নওভারের অনুপাতের উপর ভিত্তি করে র‍্যাঙ্কিং করা হয়েছে। এটি ইঙ্গিত করে যে IFFCO দেশের

GDP এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে উল্লেখযোগ্যভাবে অবদান রাখছে। ১০তম বার্ষিক 'বিশ্ব কো-অপারেটিভ মনিটর' (WCM) রিপোর্টের ২০২১ সংস্করণ, ২০২০ সংস্করণ থেকে তার অবস্থান স্থগিত করে।

প্রতিবেদন সম্পর্কে কিছু তথ্য :

- 2021 WCM রিপোর্ট 'আন্তর্জাতিক সমবায় জোট' (ICA) এবং সমবায় ও সামাজিক উদ্যোগের উপর ইউরোপীয় গবেষণা ইনস্টিটিউট (Euricse)

জিএসসিই পাবলিকেশনস থেকে সদ্য প্রকাশিত

জিএসসিই পাবলিকেশন্স থেকে প্রকাশিত সমস্ত বই ও ম্যাগাজিনগুলি পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে জিএসসিই'র যেকোনো সেন্টার থেকে সংগ্রহ করুন।

অনলাইনে সংগ্রহ করতে এই ওয়েব লিঙ্ক অ্যাক্সেস করুন— www.ehubs.in
যোগাযোগ – 9874273000

দ্বারা প্রকাশিত হয়েছে। WCM বিশ্বব্যাপী সমবায় সম্পর্কে শক্তিশালী অর্থনৈতিক, সাংগঠনিক এবং সামাজিক তথ্য সংগ্রহ করার জন্য ডিজাইন করা একটি প্রকল্প।

- প্রতিবেদনটি ১০তম বার্ষিক একটি এবং বিশ্বব্যাপী বৃহত্তম সমবায় এবং পারস্পরিক অর্থনৈতিক ও সামাজিক প্রভাব অন্বেষণ করে, শীর্ষ ৩০০ এর একটি র‍্যাঙ্কিং, সেক্টর র‍্যাঙ্কিং র‍্যাঙ্কিং এবং বর্তমান বৈশ্বিক চ্যালেঞ্জগুলির প্রতিক্রিয়াগুলির একটি বিশ্লেষণ প্রদান করে, কোভিড এবং জলবায়ু পরিবর্তন।

পুরস্কার ও সম্মান

নিজামুদ্দিন বস্তি প্রকল্প দুটি ইউনেস্কো হেরিটেজ পুরস্কার জিতেছে

নিজামুদ্দিন পুনরুজ্জীবন প্রকল্প, ভারতের ঐতিহাসিক নিজামুদ্দিন বস্তি সম্প্রদায়ের সামগ্রিক নগর পুনরুজ্জীবনের প্রকল্প, নতুন দিল্লিতে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের জন্য **'UNESCO এশিয়া-প্যাসিফিক পুরস্কার ২০২১'**



জিতেছে। শ্রদ্ধেয় সুফি সাধক হযরত নিজামুদ্দিন আউলিয়ার ১৪ শতাব্দীর সমাধির আশেপাশে ২০টিরও বেশি ঐতিহাসিক স্মৃতিস্তম্ভের পুনরুদ্ধার করার বিষয়টি এই প্রকল্পটির সাথে জড়িত।

নিজামুদ্দিন পুনরুজ্জীবন প্রকল্প ২টি বিভাগে এই পুরস্কার জিতেছে :

- শ্রেষ্ঠত্ব পুরস্কার
- স্থায়ী উন্নয়নের জন্য বিশেষ স্বীকৃতি

নিজামুদ্দিন বস্তি সম্পর্কে : যমুনা নদীর উপনদীতে অবস্থিত একটি দিল্লি গ্রামে গিয়াসপুরে বসতি স্থাপনকারী প্রখ্যাত সুফি সাধক হজরত নিজামুদ্দিন আউলিয়ার সমাধির চারপাশের বস্তিটি হজরত নিজামুদ্দিন বস্তি নামে পরিচিত। নিজামুদ্দিন এলাকায় হুমায়ুনের সমাধি, হজরত নিজামুদ্দিনের বস্তি ও সুন্দর নার্সারি, বাতাসেওয়ালা সমাধি-গার্ডেন কমপ্লেক্স, দরবারী কবি খান ই খানান 'রহিম'-এর সমাধি এবং আজিমগঞ্জ সরাইয়ের মুঘল আমলের সরাই রয়েছে।

সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের জন্য ইউনেস্কো এশিয়া-প্যাসিফিক পুরস্কার ২০২১ এর বিজয়ীরা– হেরিটেজ বিশেষজ্ঞদের জুরি ৬টি দেশের (বাংলাদেশ, চীন, ভারত, জাপান, মালয়েশিয়া এবং থাইল্যান্ড) ৯টি প্রকল্পকে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের জন্য ইউনেস্কো এশিয়া-প্যাসিফিক পুরস্কার ২০২১-এ সম্মানিত করেছে।

গণিতবিদ নিখিল শ্রীবাস্তব উদ্বোধনী AMS-এর Ciprian Foias পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছেন

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ভারতীয়-আমেরিকান গণিতবিদ **নিখিল শ্রীবাস্তব বার্কলে, অ্যাডাম মার্কাস এবং ড্যানিয়েল স্পিলম্যানকে 'আমেরিকান ম্যাথমেটিক্যাল সোসাইটি' (AMS)** দ্বারা অপারেটর তত্ত্বে প্রথম **'সিপ্রিয়ান ফোয়াস পুরস্কারে'** ভূষিত করা হয়েছে। অ্যাডাম মার্কাস সুইজারল্যান্ডের 'Ecole Polytechnique Federale de Lausanne' (EPFL) এ কম্বিনেটরিয়াল অ্যানালাইসিস পদে অধিষ্ঠিত আছেন। ড্যানিয়েল স্পিলম্যান কম্পিউটার সায়েন্সের একজন স্টার্লিং অধ্যাপক, পরিসংখ্যান এবং তথ্য বিজ্ঞানের অধ্যাপক এবং গণিতের অধ্যাপক।



Polynomial of matrices ম্যাট্রিসের বৈশিষ্ট্যগত বহুপদ বোঝার উপায় আবিষ্কার করার জন্য নিখিল শ্রীবাস্তবকে $৫,০০০ পুরস্কার দেওয়া হয়েছে। নিখিল শ্রীবাসতব এর আগে ২০১৪ সালে যৌথভাবে জর্জ পলিয়া পুরস্কার জিতেছেন এবং ২০২১ সালে অনুষ্ঠিত এই পুরস্কারটি তার তৃতীয় প্রধান পুরস্কার। তিনি US বার্কলেতে গণিতের একজন সহযোগী অধ্যাপক।

পুরস্কারটি তাদের অত্যন্ত মূল কাজকে স্বীকৃত দেয় যা ম্যাট্রিসের বৈশিষ্ট্যযুক্ত বহুপদ বোঝার জন্য পদ্ধতিগুলি প্রবর্তন করে এবং বিকাশ করেছিল, যথা পুনরাবৃত্তিমূলক স্পারসিফিকেশন পদ্ধতি (ব্যাটসনের সাথে সহযোগিতায়) এবং বহুপদকে ইন্টারলেস করার পদ্ধতি।

নীলমণি ফুকন জুনিয়র এবং দামোদর মৌজো যথাক্রমে ৫৬ ও ৫৭তম জ্ঞানপীঠ পুরস্কার পেলেন

অসমীয়া কবি **নীলমণি ফুকন জুনিয়র '৫৬তম জ্ঞানপীঠ পুরস্কার'** জিতেছেন এবং কোঙ্কনি ঔপন্যাসিক **দামোদর মৌজো '৫৭তম জ্ঞানপীঠ পুরস্কার'** জিতেছেন। 'দেশের সর্বোচ্চ সাহিত্য পুরস্কার জ্ঞানপীঠ' লেখকদের 'সাহিত্যে তাদের অসামান্য অবদানের জন্য' প্রদান করা হয়। জ্ঞানপীঠ পুরস্কার হল ভারতীয় জ্ঞানপীঠ সংস্থা কর্তৃক প্রতি বছর ভারতীয় লেখকদের দেওয়া একটি সাহিত্য পুরস্কার। এটি ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং শুধুমাত্র ভারতীয় লেখকদের দেওয়া হয় যারা ভারতীয় ভাষা এবং ইংরেজিতে লেখেন।

খেলাধুলা

এক ইনিংসে ১০ উইকেট নেওয়া বিশ্বের তৃতীয় বোলার হলেন নিউজিল্যান্ডের আজাজ প্যাটেল

নিউজিল্যান্ডের **আজাজ প্যাটেল** বিশ্বের তৃতীয় ক্রিকেটার যিনি এক ইনিংসে সবকটি ১০টি উইকেট নিলেন। নিউজিল্যান্ডের এই বাঁহাতি ভারতের ব্যাটিং অর্ডারের চারপাশে একটি জাল ঘোরালেন এবং ৪৭.৫ ওভার বল করে ১১৯ রান দিয়েছেন। মুম্বাইয়ে ওয়াংখেড়ে স্টেডিয়ামে দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিনে নিউজিল্যান্ড ভারতকে ৩২৫ রানে হারিয়েছে।

এক ইনিংসে ১০ উইকেট শিকারের ইতিহাস :

১৯৫৬ সালে ইংল্যান্ডের বোলার জিম লেকার অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এক ইনিংসে ১০ উইকেট নিয়েছিলেন এবং কয়েক দশক পরে ভারতের অনিল কুম্বলে ১৯৯৯ সালে পাকিস্তানের বিরুদ্ধে অবিশ্বাস্য কীর্তি অর্জন করেছিলেন। নয়াদিল্লির ফিরোজ শাহ কোটলায় কুম্বলে ১০ উইকেট নিয়েছিলেন এবং পাকিস্তানকে একাই বান্ডিল করে ভারতকে বিজয়ী করেছিলেন।

৬ বারের চ্যাম্পিয়ন জার্মানিকে হারিয়ে জুনিয়র হকি বিশ্বকাপ জিতেছে আর্জেন্টিনা

আর্জেন্টিনা ওড়িশার কলিঙ্গ স্টেডিয়ামে পুরুষদের হকি জুনিয়র বিশ্বকাপে ১৬ বছর পর ছয়বারের চ্যাম্পিয়ন **জার্মান দলকে ৪-২ গোলে হারিয়ে** শিরোপাটি নিজেদের নামে করে নিয়েছে। জার্মানি (৬ বার জয়) এবং ভারতের (২০০১, ২০১৬) পরে আর্জেন্টিনা তৃতীয় দল যারা একাধিক জুনিয়র হকি

বিশ্বকাপ শিরোপা জিতেছে। ডিফেন্ডিং চ্যাম্পিয়ন **ভারত ২০২১ সালের জুনিয়র হকি বিশ্বকাপে** তৃতীয় স্থানের ম্যাচে ফ্রান্সের কাছে ১-৩ গোলে হেরে চতুর্থ স্থান অর্জন করেছে।

FIH পুরুষ হকি জুনিয়র বিশ্বকাপ ২০২১ উড়িষ্যার ভুবনেশ্বরে ২৪ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত আয়োজিত হয়েছিল। ভারত, জার্মানি, বেলজিয়াম, আর্জেন্টিনা, কানাডা, দক্ষিণ আফ্রিকা, মিশর, পাকিস্তান-সহ শীর্ষ ১৬টি দল টুর্নামেন্টে অংশগ্রহণ করেছিল। এছাড়া ছিল কোরিয়া, মালয়েশিয়া, পোল্যান্ড, ফ্রান্স, চিলি, স্পেন, মার্কিন যুক্তরাষ্ট্র এবং নেদারল্যান্ডস।

অন্যান্য পুরস্কার :

- টুর্নামেন্টের সেরা খেলোয়াড় : টিমোথি ক্লেমেন্ট (ফ্রান্স)
- টুর্নামেন্টের সেরা গোলরক্ষক : অ্যান্টন ব্রিকম্যান (জার্মানি)
- টুর্নামেন্টের হিরো টপ স্কোরার : মাইলস বুকেন্স (নেদারল্যান্ডস-১৮টি গোল)
- ওড়িশা ফেয়ার প্লে অ্যাওয়ার্ড : টিম চিলি
- টুর্নামেন্টের সেরা গোলের জন্য ওড়িশা ফ্যান চয়েস অ্যাওয়ার্ড : ইগনাসিও নারদোলিলো (আর্জেন্টিনা)
- হকি ইন্ডিয়া সর্বোচ্চ দলের গোল : নেদারল্যান্ডস (৪৫ গোল)
- হকি ইন্ডিয়া টুর্নামেন্টের সেরা গোল সংরক্ষিত : মাহমুদ সেলিম (ইজিইপিটি)
- এএম/এনএস ইন্ডিয়া টুর্নামেন্টের সেরা কোচ : জোহানেস স্মিটজ (জার্মানি)

ক্রোয়েশিয়াকে হারিয়ে রাশিয়া ডেভিস কাপ টেনিস টুর্নামেন্ট ২০২১ জিতেছে

ডেভিস কাপ ২০২১-এ **'রাশিয়ান টেনিস ফেডারেশন'** মাদ্রিদে আয়োজিত ডেভিস কাপের ফাইনালে **ক্রোয়েশিয়ার বিরুদ্ধে ২-০ ব্যবধানে জেতে।** মেদভেদেভ দ্বিতীয় সিঙ্গেল ম্যাচে মারিন সিলিচকে পরাজিত করে রাশিয়াকে ক্রোয়েশিয়ার বিরুদ্ধে ২-০ স্কোরে অপ্রতিরোধ্য লিড এনে দেয় এবং ২০০৬ সালের পর প্রথম ডেভিস কাপ শিরোপা নিজেদের নামে করে নেয়। ক্রোয়েশিয়াও

২০০৫ এবং ২০১৮ সালে জয়ের পর তৃতীয় শিরোপা জেতার লক্ষ্যে নেমেছিল। **আন্দ্রে রুবলেভকে** সবচেয়ে মূল্যবান খেলোয়াড় হিসাবে মনোনীত করা হয়েছে।

জাতীয় নিয়োগ

☞ **অলকা উপাধ্যায় :** কেন্দ্রের প্রভাব বড় আমলাতান্ত্রিক রদবদল। কেন্দ্র অলকা উপাধ্যায়কে 'ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া' (NHAI)-এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত করেছে। মধ্যপ্রদেশ ক্যাডারের ১৯৯০ ব্যাচের IAS অফিসার 'উপাধ্যায়' বর্তমানে গ্রামীণ উন্নয়ন বিভাগের অতিরিক্ত সচিব। **অন্যান্য অ্যাপয়েন্টমেন্ট :** বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রকের অতিরিক্ত সচিব **সঞ্জয় বন্দ্যোপাধ্যায়কে** পার্সোনেল মন্ত্রকের আদেশে ভারতের অভ্যন্তরীণ জলপথ কর্তৃপক্ষের চেয়ারম্যান পদে নাম দেওয়া হয়েছে। অন্যদিকে **সুদীপ কুমার নায়ককে** ডিরেক্টর-জেনারেল, জাতীয় উৎপাদনশীলতা কাউন্সিল, শিল্প ও অভ্যন্তরীণ বাণিজ্যের প্রচার বিভাগের জন্য নিযুক্ত করা হয়েছে।

☞ **প্রদীপ শাহ :** IndAsia Fund Advisors-এর প্রতিষ্ঠাতা প্রদীপ শাহকে National Asset Reconstuction Company (NARCL)-এর চেয়ারম্যান নিযুক্ত করা হয়েছে। শাহ, হার্ভার্ড বিশ্ববিদ্যালয় থেকে MBA এবং চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ডিগ্রি করেছেন। ভারতের প্রথম এবং বৃহত্তম হাউজিং ফাইন্যান্স কোম্পানি, HDFC এবং রেটিং ফার্ম ক্রিসিল প্রতিষ্ঠার জন্য কৃতিত্বপ্রাপ্ত।

যদিও আদিত্য বিড়লা অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক সঞ্জয় জৈন ইন্ডিয়া ডেট রেজোলিউশন কোম্পানি (IDRCL) এর প্রধান নির্বাহী হবেন INARCL দ্বারা অর্জিত খারাপ ঋণগুলি সমাধান করার জন্য ব্যক্তিগত মালিকানাধীন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি (AMC) বাধ্যতামূলক।

আন্তর্জাতিক নিয়োগ

☞ **রজনীশ কুমার :** IPO-আবদ্ধ হসপিটালিটি ইউনিকর্ন 'ওয়ো হোটেলস অ্যান্ড হোমস' (OYO) কৌশলগত গ্রুপ উপদেষ্টা হিসাবে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (SBI)-এর প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমারকে নিযুক্ত করেছে। তার ভূমিকায় কুমার Oyo-এর ব্যবস্থাপনাকে স্বল্প-মেয়াদী এবং দীর্ঘমেয়াদী কৌশল, নিয়ন্ত্রক এবং স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা এবং বিশ্বব্যাপী কোম্পানির ব্র্যান্ড বাড়ানোর বিষয়ে পরামর্শ দেবেন। তিনি বর্তমানে HSBC Asia Pacific, L&T Infotech, Hero Motocorp এবং BharatPe-এর বোর্ডের একটি অংশ।

☞ **সুনীল অরোরা :** প্রাক্তন 'প্রধান নির্বাচন কমিশনার' (CEC) সুনীল অরোরাকে 'ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্সে'র উপদেষ্টা বোর্ডে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে, যা আন্তর্জাতিক IDEA নামেও পরিচিত। IDEA-এর একটি ১৫ সদস্যের

উপদেষ্টা বোর্ড রয়েছে, যাদের সকলেই বিভিন্ন ব্যাকগ্রাউন্ডের বিশিষ্ট ব্যক্তিত্ব।

- ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্স (ইন্টারন্যাশনাল আইডিইএ) ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। এটি স্টকহোম, সুইডেনে অবস্থিত একটি সংস্থা। ভারত ইনস্টিটিউটের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য।



- আন্তর্জাতিক IDEA-এর মূল লক্ষ্য হল বিশ্বব্যাপী টেকসই গণতন্ত্রকে সমর্থন করা। IDEA-এর বর্তমানে ৩৪টি সদস্য দেশ রয়েছে, যার মধ্যে সমস্ত মহাদেশের নতুন, পুরানো, ছোট এবং বড় গণতন্ত্র অন্তর্ভুক্ত রয়েছে।

☞ **সঞ্জীব মেহতা :** 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি' (FICCI) ঘোষণা করেছে যে 'হিন্দুস্তান ইউনিলিভার লিমিটেডে'র (HUL) চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক সঞ্জীব মেহতাকে FICCI-এর সভাপতি হিসাবে নিয়োগ করা হবে। সঞ্জীব মেহতা বর্তমানে FICCI-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, মিডিয়া শিল্পের অভিজ্ঞ উদয় শঙ্করের উত্তরসূরি হবেন। মেহতা ইউনিলিভারের দক্ষিণ এশিয়ার (ভারত, পাকিস্তান, বাংলাদেশ, শ্রীলঙ্কা ও নেপাল) সভাপতি এবং ইউনিলিভারের গ্লোবাল এক্সিকিউটিভ বোর্ডের 'ইউনিলিভার লিডারশিপ এক্সিকিউটিভ'-এর সদস্য।

- মিঃ মেহতা বাণিজ্যে স্নাতক (ভারত), চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি (ভারত) করেছেন এবং তিনি অ্যাডভান্সড ম্যানেজমেন্ট করেছেন।

প্রয়াণ

❀ **কোনিজেটি রোসাইয়া :** তামিলনাড়ুর প্রাক্তন গভর্নর এবং অন্ধ্র প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী কোনিজেটি রোসাইয়া (৮৯ বছর বয়সী) প্রয়াত হয়েছেন। তিনি বিধায়ক, MCL, লোকসভা সদস্য হিসাবে কাজ করেছেন। তিনি কোটলা বিজয়ভাস্কর রেড্ডি, চন্না রড্ডি এবং ওয়াই এস রাজশেখর রেড্ডির নেতৃত্বে মন্ত্রিসভায় অর্থ, পরিবহণ, শক্তিসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পোর্টফোলিওর দায়িত্বে ছিলেন।

❀ **সারদা মেনন :** ভারতের প্রথম মহিলা মনোরোগ বিশেষজ্ঞ এবং মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের দীর্ঘতম সময় দায়িত্ব পালনকারী প্রধান এবং পদ্মভূষণ প্রাপ্ত ডাঃ নামবল্লাইকালাথিল সারদা মেনন প্রয়াত হলেন। তিনি কর্ণাটকের ম্যাঙ্গালুরুতে একটি মালয়ালি পরিবারে জন্মগ্রহণ করেন। সামাজিক কাজের জন্য ১৯৯২ সালে তিনি 'পদ্মভূষণ' সম্মানে ভূষিত হন।

আকস্মিক প্রয়ান দেশের প্রতিরক্ষা প্রধানের

বায়ুসেনার কপ্টার দুর্ঘটনায় আকস্মিকভাবে প্রয়াত হলেন দেশের প্রতিরক্ষা সেনাপ্রধান জেনারেল বিপিন রাওয়াত। ৮ ডিসেম্বর বেলা ১২টা ২০ মিনিটে চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল বিপিন রাওয়াতকে নিয়ে ভেঙে পড়ে বায়ুসেনার কপ্টারটি তামিলনাড়ুর কুন্নুরের কাট্টেরি এলাকায়। এদিন ভারতীয় সেনার এলিট শিক্ষা প্রতিষ্ঠান - ডিফেন্স স্টাফ কলেজের একটি অনুষ্ঠানে যোগ দিতে যাচ্ছিলেন বিপিন রাওয়াত। সস্ত্রীক ছিলেন তিনি। ঘটনাস্থলে পৌঁছনোর ৫ মিনিট আগেই দুর্ঘটনাটি ঘটে, মাঝ আকাশেই কপ্টারটি বিস্ফোরণ হয়ে অগ্নিদগ্ধ হয়ে যায়। কপ্টারটিতে তাঁদের সঙ্গে আরও ৯ জন বায়ুসেনার অফিসার-সহ ১৪ জন যাত্রী ছিলেন। কপ্টারটি ওয়েলিংটনে নামার কথা ছিল। তার মিনিট পাঁচেক আগেই নীলগিরির গভীর জঙ্গলে ভেঙে পড়ে 'এমআই সেভেন্টিন ভি ফাইভ' কপ্টারটি। বিপিন রাওয়াতের স্ত্রী মধুলিকাসহ কপ্টারের ১৩ জনই মৃত্যুবরণ করেন। সংকটজনক অবস্থায় হাসপাতালে ভর্তি আছেন গ্রুপ ক্যাপ্টেন বরুণ সিংহ। প্রথমেই যে আটজনের মৃত্যুর খবর আসে তাঁরা হলেন – বিপিন রাওয়াতের স্ত্রী মধুলিকা রাওয়াত, নায়েক গুরসেবক সিংহ, নায়েক জিতেন্দ্র কুমার, ব্রিগেডিয়ার এল এস লিড্ডর, লেফটেন্যান্ট কর্ণেল হরজিন্দর সিংহ, ল্যান্সনায়েক বিবেক কুমার, ল্যান্সনায়েক বি সাই তেজা এবং বিপিন রাওয়াত স্বয়ং। সকলেই হাসপাতালে মৃত্যুবরণ করেন। উরি হামলার পর পাক অধিকৃত কাশ্মীরে ভারতীয় সেনার সার্জিক্যাল স্ট্রাইক অপারেশনে পর্যবেক্ষণের দায়িত্বে ছিলেন বিপিন রাওয়াত। বর্তমানে ভারতের তিন বাহিনীর সর্বোচ্চ পদে অধিষ্ঠিত ছিলেন তিনি। তাঁর মৃত্যুর খবর প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গেই জেনারেল বিপিন রাওয়াতের দিল্লির বাসভবনে পৌঁছন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিকেলেই পৌঁছে যান তিনি বাহিনীর প্রধান। দেশের এই সেনাপ্রধানের অকস্মাৎ প্রয়াণে শোকপ্রকাশ করেছেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, রাহুল গান্ধীসহ দেশের প্রত্যে বিশিষ্ট রাজনৈতিক, সরকারি ব্যক্তিত্বগণ। আহত গ্রুপ ক্যাপ্টেনের দ্রুত আরোগ্য কামনা করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। অত্যন্ত সাহসী এই মানুষটি ২০১৯ সালে প্রথম সিডিএস পদে অবতীর্ণ হন। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে নাগাল্যান্ডের ডিমাপুরে ২০১৫ সালের ৩ ফেব্রুয়ারি ২০ ফুট থেকে সোজা কপ্টারসহ মাটিতে পড়েও বেঁচে যান তিনি। এবারে আর হলনা শেষরক্ষা। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৩ বছর। দেশের সেনাসর্বাধিনায়কের মৃত্যুতে শোকস্তব্ধ ভারতসহ প্রতিবেশী দেশগুলিও।

অর্থনীতি, ব্যাঙ্কিং ও ব্যাবসা-বাণিজ্য

❑ **আরবিআই : গুজরাট ভারতের বৃহত্তম উৎপাদন কেন্দ্র হয়ে উঠেছে :** 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে'র (RBI) তথ্য অনুসারে গুজরাট মহারাষ্ট্রকে পিছনে ফেলে দেশের শীর্ষস্থানীয় উৎপাদন কেন্দ্রে পরিণত হয়েছে। গুজরাট উৎপাদনের দিক থেকে Gross Value Addition (GVA) FY12 থেকে FY20 এর মধ্যে বার্ষিক ১৫.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ৫.১১ লক্ষ কোটি টাকায় দাঁড়িয়েছে। GVA হল একটি অর্থনৈতিক মেট্রিক, যা একট অর্থনীতিতে পণ্য ও পরিষেবার সরবরাহের পরিমাণ পরিমাপ করে।

